



Daily Monitoring Report

Directorate of Monitoring
Bangladesh Betar, Dhaka
e-mail: dmrbdd@gmail.com

Magh 15, 1430 Bangla, January 29, 2024, Monday, No. 29, 54th year

H I G H L I G H T S

Prime Minister Sheikh Hasina urges international community to take measures to repatriate Rohingyas to their homeland Myanmar and ensure their dignified life there. (VOA: 9, Jago FM: 18)

AL GS Obaidul Quader says, govt. is facing challenges of various issues such as commodity price control, dollar and reserve crisis, implementation of election manifesto - claims, it is not govt. rather affected workers have filed case against Dr. Muhammad Yunus. (Jago FM: 16,18)

Nobel laureate economist Dr. Muhammad Yunus comments, the statement that govt. did not file the case against him is not true. (BBC: 3)

Foreign Minister Dr. Hasan Mahmud says, China is keeping an eye on Myanmar - adds, Rohingya issue has been discussed with China and both countries will work together in current situation. (DW: 11)

Chinese Ambassador Yao Wen says, China is mediating for a ceasefire between Myanmar and Arakan Army - if ceasefire is established in Rakhine, way to discuss Rohingya repatriation will be smooth again. (DW: 11)

Food Minister Sadhan Chandra Majumdar says, there is no shortage of foodgrains in country - warns, illegal hoarders will not only be fined but also jailed for recurrence of this misdeed. (Jago FM: 17)

BNP leader Dr. Abdul Moin Khan says, their movement will continue till the oust of govt, but it will be peaceful - adds, govt. will never be able to subdue democracy-loving people with gun and bullets. (R. Today: 12)

JP Chief Patron Rowshan Ershad dismisses Chairman GM Quader and GS Mujibul Haque Chunnu from their posts - Chunnu says, party's chief patron can not dismiss anyone. (BBC: 4, R. Today: 13)

After fifty years, BD Police begins an investigation into sending of children to Netherlands for adoption in disguise of resettlement of war children and orphans - after receiving evidence, Netherlands suspend adoption of children in 2021. (BBC: 7)

Fiction writer Zakir Talukder returns his Bangla Academy Award accusing Academy of being undemocratic and making mockery about writers - he received this award in 2014 for fiction writing. (R. Today: 13)

A Bangladeshi named Rafiul Islam was killed in BSF firing at Angarpota border in Patgram upazila of Lalmonirhat district. (R. Today: 14)

দৈনিক মনিটরিং রিপোর্ট
মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
মাঘ ১৫, ১৪৩০ বাংলা, জানুয়ারি ২৯, ২০২৪, সোমবার, নং- ২৯, ৫৪তম বছর

শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গাদের তাদের মাতৃভূমি মিয়ানমারে প্রত্যাবাসনে ও সেখানে তাদের মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করার ব্যবস্থা নিতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন। (ভোয়া: ৯, জাগো এফ এম: ১৮)

দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, ডলার ও রিজার্ভ সংকট, নির্বাচনী ইশতেহার বাস্তবায়নসহ সমসাময়িক বিভিন্ন বিষয় নিয়ে সরকার চ্যালেঞ্জের মুখে আছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের - সরকার নয় ক্ষতিগ্রস্ত শ্রমিকরা নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে মামলা করেছেন বলে দাবি করেন তিনি।

(জাগো এফ এম: ১৬, ১৮)

সরকার ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে মামলা করেনি বলে যে বক্তব্য দিচ্ছে, তা সত্য নয় বলে মন্তব্য করেছেন নোবেল বিজয়ী এই অর্থনীতিবিদ। (বিবিসি: ৩)

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, মিয়ানমানের বিষয়ে নজর রাখছে চীন। রোহিঙ্গা প্রত্যাবাসনের বিষয়ে চীনের সাথে আলোচনা হয়েছে এবং বর্তমান উদ্ভূত পরিস্থিতিতে উভয় দেশ একসঙ্গে কাজ করবে বলে জানান তিনি।

(ডয়চে ভেলে: ১১)

ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেছেন, মিয়ানমারের রাখাইন রাজ্যে দেশটির সেনাবাহিনী ও সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মির সংঘাত বন্ধ করে অস্ত্রবিরতির জন্য চীন মধ্যস্থতা করছে। রাখাইনে অস্ত্রবিরতি প্রতিষ্ঠা হলে রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে আবার আলোচনার পথ সুগম হবে।

(ডয়চে ভেলে: ১১)

দেশে খাদ্যশস্যের কোনো ঘাটতি নেই বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার - অবৈধ মজুদদারদের শুধু জরিমানা করেই ছাড় দেওয়া হবে না, তারা না শোধরালে জেলে যেতে হবে বলে সতর্ক করেন তিনি।

(জাগো এফ এম: ১৭)

বিএনপি নেতা ডক্টর আব্দুল মঈন খান বলেছেন, সরকারের পতন না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে, তবে তা হবে শান্তিপূর্ণ - বন্দুক, বুলেট দিয়ে গণতন্ত্রকামী মানুষকে সরকার কখনো কাবু করতে পারবে না বলেও জানান তিনি।

(রে. টুডে: ১২)

জাতীয় পার্টির প্রধান পৃষ্ঠপোষক রওশন এরশাদ চেয়ারম্যান জিএম কাদের ও মহাসচিব মুজিবুল হক চুন্মুকে পদ থেকে অব্যাহতি দিয়েছেন - এ বিষয়ে চুন্মু বলেন, দলের প্রধান পৃষ্ঠপোষক কাউকে অব্যাহতি দিতে পারেন না।

(বিবিসি: ৪, রে. টুডে: ১৩)

পঞ্চাশ বছর পর, বাংলাদেশ পুলিশ যুদ্ধশিশু ও এতিমদের পুনর্বাসনের ছদ্মবেশে শিশুদের দন্তক নেওয়ার জন্য নেদারল্যান্ডে পাঠানোর তদন্ত শুরু করেছে। প্রমাণ পাওয়ার পর, নেদারল্যান্ডস ২০২১ সালে শিশুদের দন্তক নেওয়া স্থগিত করে।

(বিবিসি: ৭)

কথাসাহিত্যিক জাকির তালুকদার, বাংলা একাডেমির গণতন্ত্রহীনতা ও লেখকদের নিয়ে তামাশার অভিযোগ এনে বাংলা একাডেমি পুরস্কার ফেরত দিয়েছেন। তিনি ২০১৪ সালে কথাসাহিত্যে অবদানের জন্য এই পুরস্কার পেয়েছিলেন।

(রে. টুডে: ১৩)

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার আঙ্গরপোতা সীমান্তে বিএসএফের গুলিতে রফিউল ইসলাম নামের এক বাংলাদেশী নিহত হয়েছেন।

(রে. টুডে: ১৪)

বিবিসি

‘সরকার মামলা করেনি বলে যে বক্তব্য দিচ্ছে, তা সত্য নয়’ বললেন অধ্যাপক ইউনুস

সরকার অধ্যাপক মুহাম্মদ ইউনুসের বিরুদ্ধে মামলা করেনি বলে যে বক্তব্য দিচ্ছে, তা সত্য নয় বলে মন্তব্য করেছেন নোবেল বিজয়ী এই অর্থনীতিবিদ। রোববার সকালে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের করা মামলায় আপিল এবং জামিনের জন্য আদালতে যান অধ্যাপক ইউনুস। সেখানেই সাংবাদিকদের এ কথা বলেন তিনি। তার আগে শ্রম আপিল ট্রাইব্যুনাল মামলার রায় চ্যালেঞ্জ করে অধ্যাপক ইউনুসসহ চার জনের আপিল শুনানির জন্য গ্রহণ করে এবং শুনানি শেষ না হওয়া পর্যন্ত চার জনকে স্থায়ী জামিন দেয়। একই সঙ্গে আগামী তেসরা মার্চ আপিল বিষয়ে পরবর্তী শুনানির তারিখ ধার্য করে আদালত। এর আগে পহেলা জানুয়ারি অধ্যাপক ইউনুসসহ চারজন আসামিকে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে একটি ধারায় ছয় মাসের কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা করে জরিমানা করে সাজা দেয় আদালত। আরেক ধারায় ২৫ হাজার টাকা করে জরিমানা, অনাদায়ে ১৫ দিনের কারাদণ্ড দেয়া হয়েছে। এছাড়াও শ্রমিকদের চাকরি স্থায়ী করা, ছুটি সংক্রান্ত সব বিষয় পরবর্তী ৩০ দিনের মধ্যে সমাধান করতে নির্দেশ দেয় শ্রম আদালত। এর আগে ২৩শে জানুয়ারি অধ্যাপক ইউনুসকে ‘ক্রমাগত হয়রানি’ বন্ধ করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহ্বান জানিয়েছেন যুক্তরাষ্ট্রের ১২জন সেনেটর। দেশটির ইলিনয় রাজ্যের সেনেটর রিচার্ড জে. ডারবিন ও ইন্ডিয়ানার সেনেটর টড ইয়ংসহ সেনেটের ১২জন সদস্য স্বাক্ষরিত চিঠিতে আহ্বান জানানো হয়, “নোবেল শান্তি পুরস্কার বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনুসের বিরুদ্ধে ক্রমাগত হেনস্তা এবং আরও বিস্তৃতভাবে আইন ও বিচার ব্যবস্থার অপব্যবহারের মাধ্যমে যেভাবে সরকারের সমালোচকদের টার্গেট করা হচ্ছে তা বন্ধ করার আহ্বান জানাতে আপনার (প্রধানমন্ত্রী শেখ হাসিনা) কাছে এই চিঠি লেখা হচ্ছে।” রোববার ঢাকার শ্রম আপিল ট্রাইব্যুনাল শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের করা মামলার রায় চ্যালেঞ্জ করে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ ইউনুসসহ চারজনের আপিল শুনানির জন্য গ্রহণ করে। এই মামলায় অধ্যাপক ইউনুস ছাড়া অন্য আসামিরা হলেন, আশরাফুল হাসান, নুরজাহান বেগম এবং মো. শাহজাহান।

ট্রাইব্যুনাল আজ নিম্ন আদালতের রায় স্থগিত করে আপিল শুনানি শেষ না হওয়া পর্যন্ত এই চার জনের স্থায়ী জামিন দিয়েছে। শুনানির পর অধ্যাপক ইউনুস সাংবাদিক সাথে কথা বলেন। তিনি বলেন, “আরেকটা জিনিস পরিষ্কার করি.. এটা আমার বলা দরকার। সরকার বার বার বলতেছে, সর্বোচ্চ জায়গা থেকে বলতেছে যে, এই মামলাটা সরকার করেনি। কিন্তু সেটা সত্য নয়।” এ সময় তিনি উপস্থিত সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন, “আপনারা তো সাক্ষী...মামলা সরকার করছে, না শ্রমিক করছে!” অধ্যাপক ইউনুস সাংবাদিকদের বলেন, “আপনারা বলেন, ...এইটা মিথ্যা কথা। এইটা ঠিক না। কলকারখানা অধিদপ্তর সরকারেরই প্রতিষ্ঠান। মামলা সরকার করছে, শ্রমিকেরা করেনি।” অধ্যাপক ইউনুস আরও বলেন, তিনি তিন শূন্যের পৃথিবী গড়তে চান – ক্ষতিকর কার্বন নিগর্মন, দারিদ্র ও সম্পদের অসম বন্টনমুক্ত পৃথিবী গড়তে চান। “এর বাইরে অন্যসব (মামলা বা সাজা) বিষয় ছোটখাটো ব্যাপার,” তিনি মন্তব্য করেন। এর আগে চলতি বছরের প্রথম দিন যখন এ মামলার রায় হয়, অধ্যাপক ইউনুস বলেছিলেন, “যে দোষ আমরা করি নাই, সেই দোষের উপরে শাস্তি পেলাম। এটা আমাদের কপালে ছিল, জাতির কপালে ছিল, আমরা সেটা বহন করলাম।” এ বছরের প্রথম দিন বাংলাদেশে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে করা মামলায় গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান ও নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনুসসহ চার জনকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়েছে। সেই সঙ্গে তাদের পাঁচ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। ঢাকার তিন নম্বর শ্রম আদালতের বিচারক শেখ মেরিনা সুলতানা এ রায় ঘোষণা করেন।

আদালত বলেছে, মুহাম্মদ ইউনুসসহ অন্যদের বিরুদ্ধে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগ প্রমাণিত হয়েছে। রায়ের দিন অধ্যাপক ইউনুসসহ অন্য অভিযুক্তরা আদালতে উপস্থিত ছিলেন। এছাড়াও বহুল আলোচিত এই মামলার পর্যবেক্ষণে দেশি-বিদেশি পর্যবেক্ষকরা উপস্থিত ছিলেন। মামলার আরেকটি ধারায় তাদের ২৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে, অর্থাৎ তাদের প্রত্যেককে মোট ৩০ হাজার টাকা করে জরিমানা দিতে হবে। তবে, রায় অনুযায়ী কারাদণ্ড হলেও এখন কারাগারে যেতে হবে না ড. ইউনুসকে। সাজা ঘোষণার সাথে সাথেই আসামিদের আইনজীবী জামিন আবেদন করলে তা মঞ্জুর করে আদালত।

পরবর্তী এক মাসের মধ্যে আপিল করার শর্তে পাঁচ হাজার টাকার বন্ডে জামিন আবেদন করা হয়। এক মাসের মধ্যে আসামিদের শ্রম আপিলেট ট্রাইব্যুনালে আপিল করার নির্দেশনা দেয় আদালত। রায় ঘোষণার দিন অধ্যাপক ইউনুসের আইনজীবী আব্দুল্লাহ আল মামুন আদালতের বাইরে সাংবাদিকদের বলেছেন, “আমরা এই ব্যাপারে ক্ষুব্ধ। লেবার কোর্টের ইতিহাসে এত তাড়াতাড়ি ড. ইউনুসের মামলার শুনানির জন্য ১০টি ডেট দেয়া হয়েছে। নিজেরা তড়িঘড়ি, ইতিহাস ব্রেক করে, সাড়ে আটটা পর্যন্ত ইতিহাস ব্রেক করে, শুনানি করে আজকের এই রায় ঘোষণা করা হয়েছে। অন্যদিকে, রায়ে সন্তোষ প্রকাশ করে কলকারখানা অধিদপ্তরের আইনজীবী খুরশীদ আলম খান বলেন, “আমরা

অভিযোগ প্রমাণ করতে পেরেছি। প্রত্যাশিত রায় পেয়েছি। আমরা মনে করি, প্রতিষ্ঠান মালিকরা এখন সতর্ক হবে। কেউ আইনের উর্ধ্বে নয়। আইন লঙ্ঘন হলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।"

শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ ইউনুসের বিরুদ্ধে ২০২১ সালের নয়ই সেপ্টেম্বর মামলাটি করেছিল কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। এ মামলার অভিযোগের মধ্যে রয়েছে, অনিয়মের মাধ্যমে শ্রমিক কর্মচারীদের মধ্যে বন্টনের জন্য সংরক্ষিত লভ্যাংশের পাঁচ শতাংশ না দেয়া এবং ১০১ জন শ্রমিকের চাকরি স্থায়ী না করা। এছাড়া গণছুটি না দেয়া, শ্রমিকদের কল্যাণ তহবিল এবং অংশগ্রহণ তহবিল গঠন না করাও এই মামলার অন্যতম অভিযোগ। এর আগে ২০২৩ সালের জুন মাসে মামলার অভিযোগ গঠন করা হয়। পক্ষে বিপক্ষে শুনানির পর ২৪শে ডিসেম্বর রায়ের জন্য পহেলা জানুয়ারি তারিখ নির্ধারণ করে আদালত। এ মামলায় চারজন আসামির পক্ষে আদালতে লিখিত বক্তব্য দেয়া হয়। এতে বলা হয়, গ্রামীণ টেলিকম যেসব ব্যবসা পরিচালনা করে, সেগুলো চুক্তিভিত্তিক। নির্দিষ্ট মেয়াদ শেষে তা নবায়নের মাধ্যমে পরিচালনা করা হয়। যেহেতু এ প্রতিষ্ঠানটির কার্যক্রম চুক্তির ভিত্তিতে পরিচালিত হয় তাই সব কর্মকর্তা-কর্মচারীকে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে বলেও জানানো হয়। বক্তব্যে আরও বলা হয়, মিথ্যা অভিযোগে অধিদপ্তরের শ্রম পরিদর্শক আরিফুজ্জামান মামলাটি করেছেন। অধ্যাপক ইউনুস এই মামলায় সাফাই সাক্ষ্য দেননি। (বিবিসি ওয়েব পেজ : ২৮.১.২৪ রিহাব)

জাতীয় পার্টিতে বহিষ্কার নাটক অব্যাহত

বাংলাদেশের রাজনৈতিক দল জাতীয় পার্টিতে চলছে বহিষ্কার ও পাল্টা বহিষ্কার। দলটির প্রধান পৃষ্ঠপোষক রওশন এরশাদ রোববার চেয়ারম্যান জিএম কাদের ও মহাসচিব মুজিবুল হক চুন্নুকে পদ থেকে অব্যাহতি দিয়েছেন। এর আগে দলটির দুইজন প্রেসিডিয়াম সদস্যকে অব্যাহতি দিয়েছিলো জিএম কাদেরের কমিটি। রোববার দুপুরে গুলশানের বাসায় রওশন এরশাদ এক মতবিনিময় সভায় নিজেকে অন্তর্বর্তীকালীন কমিটির চেয়ারম্যান ঘোষণা করেন। একই সাথে পরবর্তী জাতীয় সম্মেলন না হওয়া পর্যন্ত তিনি কাজী মো. মামুনুর রশিদকে মহাসচিবের দায়িত্ব দিয়েছেন। এদিকে, দলটির মহাসচিব মুজিবুল হক চুন্নু এই সিদ্ধান্তের প্রতিক্রিয়ায় বলেছেন, “যারা মিটিং করছেন, আমাদেরকে দল থেকে অব্যাহতির কথা বলছেন তারা দলের কেউ না। তাদের সিদ্ধান্তের কথা আমাদের কানে নেওয়ার কিছু নাই”। রোববার দুপুরে দলটির প্রধান পৃষ্ঠপোষক রওশন এরশাদ স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দলের গঠনতন্ত্রের ২০(১) ধারায় চেয়ারম্যান জি এম কাদের ও মহাসচিব মুজিবুল হক চুন্নুকে অব্যাহতি দেওয়া হয়েছে। এতে বলা হয়েছে, “দলের অন্যান্য পদ-পদবী স্ব স্ব অবস্থায় বহাল থাকবে। যাদের অব্যাহতি দেওয়া হয়েছে বা বহিষ্কার করা হয়েছে তাদের আগের পদে পুনর্বহাল করা হবে। দ্বাদশ নির্বাচনের আগে পার্টির চেয়ারম্যান ও মহাসচিবের বক্তব্য এবং পরবর্তী সময়ে তাদের ভূমিকা পার্টিকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করেছে।”

রওশন এরশাদ এই সংবাদ বিজ্ঞপ্তিতে আরো বলেছেন, ২৬টি আসন সমঝোতার পর বাকি আসনের প্রার্থীদের রাজনৈতিকভাবে জনগণের বিরূপ সমালোচনার মুখোমুখি হতে হয়েছে। চেয়ারম্যান ও মহাসচিব তাদের কোনও খোঁজখবর না নেয়ার ফলে ভোটের মাঠে পার্টি চরমভাবে ক্ষতির সম্মুখীন হয়েছে। প্রার্থীরা নির্বাচন থেকে সরে আসতে বাধ্য হয়েছেন। “নির্বাচনে ভরাডুবি পর নেতাকর্মীরা প্রতিবাদ করায় তাদের ক্রমাগত বহিষ্কার ও অব্যাহতির মাধ্যমে দলের অস্তিত্ব নষ্ট করা হয়েছে” বলে বিজ্ঞপ্তিতে বলেছেন মিজ এরশাদ। গত ২২ জানুয়ারি দলের চেয়ারম্যান ও মহাসচিবকে সকল বহিষ্কার ও অব্যাহতির আদেশ বাতিল করে ঐক্যবদ্ধ জাতীয় পার্টি গঠনের আহ্বান করলেও তারা আমলে নেয়নি বলে বিজ্ঞপ্তিতে অভিযোগ করেন তিনি। ফলে ঢাকা মহানগর উত্তরের ৬৬৮ জন নেতা-কর্মীর পার্টি থেকে স্বেচ্ছা পদত্যাগ দলে বিরাট সংকট সৃষ্টি করেছে বলে রওশন এরশাদ এই বিজ্ঞপ্তিতে উল্লেখ করেন। এরই ধারাবাহিকতায় দলের চেয়ারম্যান ও মহাসচিবকে বর্তমান পদ থেকে অব্যাহতির সিদ্ধান্ত নেওয়ার কথা জানিয়েছেন মিজ এরশাদ।

একই সাথে নিজেকে দলটির চেয়ারম্যান ঘোষণা করে রওশন এরশাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, পরবর্তী জাতীয় সম্মেলন না হওয়া পর্যন্ত কাজী মো. মামুনুর রশিদ মহাসচিবের দায়িত্ব পালন করবেন। জাতীয় পার্টিতে এখন একটি ‘ত্রাস্তিকাল’ বিরাজ করছে উল্লেখ করে শিগগিরই জাতীয় সম্মেলন আহ্বান করা হবে বলে জানান মিজ এরশাদ। এর আগে দলটির চেয়ারম্যান জিএম কাদেরের কমিটি দুইজন প্রেসিডিয়াম সদস্যকে বহিষ্কার করেছিল। এদের একজন সুনীল শান্ত রায়। তিনি বিবিসি বাংলাকে বলেন, “জি এম কাদের ও মুজিবুল হক চুন্নুকে দল থেকে বহিষ্কার নয়, পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। প্রধান পৃষ্ঠপোষক গঠনতন্ত্র অনুযায়ী তার ক্ষমতাবলে এ সিদ্ধান্ত নিয়েছেন”। নেতা-কর্মীদের অনুরোধ ও দাবির প্রেক্ষিতেই রওশন এরশাদ চেয়ারম্যানের দায়িত্ব নিয়েছেন বলে জানিয়েছেন মি. রায়। তিনি বলেন, “সব সময় গঠনতন্ত্র অনুযায়ী হয় না। প্রধান পৃষ্ঠপোষক দলে সর্বময় ক্ষমতার অধিকারী। আবার সর্ব স্তরের দলীয় নেতাকর্মীরাই তো গঠনতন্ত্র। ফলে তাদের দাবি ও গঠনতন্ত্র অনুযায়ী রওশন এরশাদ নিজেকে চেয়ারম্যান ঘোষণা করেছেন।” এদিকে ওই ঘোষণার পরপরই দুপুরে বনানীতে দলীয় চেয়ারম্যানের কার্যালয়ে মুজিবুল হক চুন্নু এক সংবাদ সম্মেলন করেন। সেখানে তিনি বলেন, “আমাদের গঠনতন্ত্রে এমন কোনও ক্লজ নাই যে পার্টির প্রধান পৃষ্ঠপোষক চেয়ারম্যান,

মহাসচিবকে বাদ দিবেন। উনি যে বাদ দিয়েছেন এই নিয়ে তৃতীয়বার তিনি বাদ দিয়েছেন।” মি. হক বলেন, “উনি বাদ দিয়েছেন আমরা এটা আমলে নিচ্ছি না। গঠনতন্ত্রের বাইরে মনের মাধুরী মিশিয়ে যে কোনও ব্যক্তি যে কোনও কথা বলতেই পারেন। তাদের সিদ্ধান্তের প্রেক্ষিতে আমাদের কোন প্রতিক্রিয়া নাই।”

রওশন এরশাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেয়া হবে কি না এমন প্রশ্নে তিনি বলেন, “বেগম রওশন এরশাদ প্রতিষ্ঠাতা চেয়ারম্যানের স্ত্রী। সেই শ্রদ্ধা থেকে তাকে প্রধান পৃষ্ঠপোষক করি। এটা একটা অলংকারিক পদ। তার দলীয় সিদ্ধান্ত নেওয়ার কোনও ক্ষমতা নাই। কাজেই অলংকারিক পদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেয়ার প্রয়োজন আছে মনে করি না।” দলের কেন্দ্রীয় কার্যালয় রওশন এরশাদের ঘোষিত কমিটি ব্যবহার করবে কি না এমন প্রশ্নে মি. হক বলেন, “তাদের এ ধরনের কিছু বলার বা করার রাইট নাই। দূর থেকে কেউ হুমকি দিল তা নিয়ে ভাবার কিছু নাই। যখন যা হবে, তখন সিদ্ধান্ত নেবো।”

মূলত ২০১৯ সালে জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হুসেইন মুহাম্মদ এরশাদের মৃত্যুর পর দলটির নেতৃত্ব নেন তার ভাই জি এম কাদের। সে সময় থেকেই রওশন এরশাদ ও তার মধ্যকার বিরোধ তীব্র সংকটে রূপ নেয়। নির্বাচনের আগে থেকেই জাতীয় পার্টির কেন্দ্রীয় নেতৃত্বের সিদ্ধান্ত নিয়ে দলীয় নেতাকর্মীদের মধ্যে অসন্তোষ চরম রূপ ধারণ করে। নির্বাচনে ৩০০ আসনের মধ্যে জাতীয় পার্টি ২৮৭টি আসনে প্রার্থী মনোনয়ন দিলেও ২২০টি আসনেই পরে প্রার্থীরা নির্বাচন থেকে সরে দাঁড়ান। ২৬টি আসনে সমঝোতা হলেও মাত্র ১১টি আসনে দলটি জিতে পেরেছে। প্রার্থীদের ৯০ শতাংশেরই জামানত বাজেয়াপ্ত হয়েছে। ফলে নির্বাচনে ভরাডুবিব কারণ হিসেবে কেন্দ্রীয় নেতৃত্বের অযোগ্যতাকে চিহ্নিত করে সারা দেশের নেতা-কর্মীরা বিক্ষোভ করে। কেন্দ্রীয় নেতৃত্বের পদত্যাগের আর্লিটমেন্টাম দেওয়া হয় সে সময়। যার ধারাবাহিকতায় দলটির দুইজন প্রেসিডিয়াম সদস্য কাজী ফিরোজ রশীদ ও সুনীল শুভ রায়কে বহিষ্কার করে চেয়ারম্যান জি এম কাদেরের কমিটি। এছাড়া কেন্দ্রীয় আরো কয়েকজন নেতাকে বহিষ্কার করা হয়। বিলুপ্ত ঘোষণা করা হয় ঢাকা মহানগর উত্তরের কমিটি। এরপর আবার ২৫ জানুয়ারি, দলটির চেয়ারম্যান জি এম কাদের ও মহাসচিব মুজিবুল হক চুন্নুর কমিটি যাদের বহিষ্কার করেছেন, তারা গণ-পদত্যাগ করেন।

ঢাকার জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে বহিষ্কৃতদের নেতৃত্বে ঢাকা মহানগর উত্তরের আটটি থানার ৬৬৮ জন নেতা-কর্মী পদত্যাগের কাগজে স্বাক্ষর করেন। ওই সংবাদ সম্মেলনেই রওশন এরশাদের নেতৃত্বে দলটিকে আবার সংগঠিত করার ঘোষণা দেয় নেতাকর্মীরা। জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট হুসেইন মুহাম্মদ এরশাদের অবর্তমানে এবারই প্রথম দলীয় চেয়ারম্যান হিসেবে জি এম কাদেরের নেতৃত্বে নির্বাচনে অংশ নিয়েছিল দলটি। এর আগে, ২০০৮ সালে আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোটের শরিক দল হিসেবে ২৭টি আসনে জয় পেয়েছিল জাতীয় পার্টি। ২০১৪ সালের ৫ই জানুয়ারির নির্বাচনে জেনারেল এরশাদ প্রাথমিকভাবে অংশ গ্রহণ করতে না চাইলেও শেষ পর্যন্ত জাতীয় পার্টিকে আওয়ামী লীগের সাথে থাকতে হয়েছিল। এরপর সমঝোতার মাধ্যমে ২০১৪ সালে ২৯টি এবং ২০১৮ সালের নির্বাচনে ২২টি আসনে জয়লাভ করে দলটি। সে সময় দলটির নেতাদের অনেকের কথায় সেই সমঝোতা নিয়ে অস্বস্তি চাপা থাকেনি। তখন দলটিকে ঘিরে নানা ধরনের তৎপরতাও দেখা গিয়েছিল রাজনৈতিক অঙ্গনে।

(বিবিসি ওয়েব পেজ : ২৮.১.২৪ রিহাব)

মিয়ানমারের সংঘাতে টেকনাফ-তুমক সীমান্তে সতর্কতা, ঢাকায় রোহিঙ্গা ফেরাতে আলোচনা

মিয়ানমারের ভেতরে গত কয়েক সপ্তাহ যাবত চলা সংঘাতের প্রেক্ষাপটে বাংলাদেশের সীমান্ত ঘেঁষা এলাকায় সতর্কতা বাড়িয়েছে স্থানীয় কর্তৃপক্ষ। মিয়ানমারে যেখানে এসব সংঘাত চলছে, তা বাংলাদেশের সীমান্তের খুব কাছে অবস্থিত হওয়ায় তুমক ও টেকনাফ সীমান্তে এরই মধ্যে সতর্ক অবস্থানের কথা জানিয়েছে কক্সবাজার এবং বান্দরবানের জেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী। এদিকে, চলমান পরিস্থিতিতে বৈরি অবস্থা বলে বর্ণনা করে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ সাংবাদিকদের বলেছেন, “মিয়ানমারের পরিস্থিতি কখনোই ভালো ছিল না। তবে বাংলাদেশের আশা পরিস্থিতি ভালো হবে এবং দ্রুতই রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু হবে।” রোববার পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশে চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন এবং জাতিসংঘের আবাসিক প্রতিনিধি গোয়েন লুইসের সাথে বৈঠক করেছেন। সেখানে আলাপ হয়েছে রোহিঙ্গা প্রত্যাবাসন ও মিয়ানমারের বর্তমান পরিস্থিতি নিয়ে। গত বেশ কিছুদিন ধরে মিয়ানমারে অস্থিরতা চলছে। একের পর এক এলাকা দখল করে নিচ্ছে দেশটির বিদ্রোহী গোষ্ঠীগুলো, আর একে একে বিভিন্ন জায়গায় নিয়ন্ত্রণ হারাচ্ছে জাভা সরকার। দুই সপ্তাহ আগে বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি দখল করে নিয়েছে বাংলাদেশ এবং ভারত সীমান্তে অতি গুরুত্বপূর্ণ এলাকা। বাংলাদেশে কক্সবাজারের টেকনাফ এবং বান্দরবানের তুমক সীমান্ত এলাকায় গত কয়েকদিন ধরে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গোলাগুলি ও মর্টার শেল ছোঁড়ার শব্দ শুনছেন বলে বিবিসিকে জানিয়েছেন স্থানীয় কয়েকজন বাসিন্দা। সীমান্ত লাগোয়া বাংলাদেশের কয়েকটি বাড়িতে গুলি এসে পড়েছে বলেও জানাচ্ছেন তারা। এমন অবস্থায় সীমান্তে সতর্ক ব্যবস্থা নেয়ার কথা জানিয়েছে স্থানীয় প্রশাসন। বান্দরবানের নাইক্ষ্যংছড়ির উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাকারিয়া বিবিসি বাংলাকে বলেছেন, “আমরা ইতোমধ্যে খবর পেয়েছি সীমান্ত এলাকা থেকে রোববারও সীমান্তে কিছু ফায়ারিং হয়েছে। এটা আমি আমার উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি।” নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ইউনিয়নের

তুমকু হেডম্যান পাড়া চাকমাপল্লীর অবস্থান সবচেয়ে কাছাকাছি। বান্দরবানের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আজিজ বিবিসিকে বলেন, “প্রায় প্রতিনিয়ত গুলির শব্দ পাচ্ছি আমরা। এ নিয়ে আমাদের এলাকার মানুষ একটু আতঙ্কিত। ইউএনও ডিসি আছে। আমরা সবকিছু তাদের জানাচ্ছি।” মিয়ানমার সীমান্তের কাঁটাতার ঘেঁষা এই পল্লীতে ২৭টি পরিবারের বসবাস। এখানকার বাসিন্দারা বলছেন, মিয়ানমারের অভ্যন্তরীণ সংঘর্ষ ও গোলাগুলির সময় দু’দিন আগে গুলি এসে এই পল্লীতে পড়েছে।

আতঙ্কে এই পল্লীর বাসিন্দারা রাতে নিয়মিত পাহারা চালু করেছেন। প্রতি পরিবার থেকে রাতে একজন করে জেগে থাকে, যাতে রাতে ওপার থেকে গুলির ভয়াবহতা শুরু হলে তারা দ্রুত নিরাপদ স্থানে সরে যেতে পারে। স্থানীয় সাংবাদিক আজিম নিহাদ বিবিসি বাংলাকে বলেছেন, সীমান্ত অঞ্চলের মিয়ানমার অংশে ৩৪ পিলার রাইট ক্যাম্প এবং ঢেকিবুনিয়া ক্যাম্প দুটি স্পষ্ট দেখা যায় বাংলাদেশ সীমান্ত থেকে। তিনি বলেন, “এখনো পর্যন্ত ওই ক্যাম্প দুটি জাভা বাহিনীর দখলে দেখা যাচ্ছে, সেখানে বিপুল সংখ্যক সৈন্য সশস্ত্র অবস্থান করছেন।”

মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তের দৈর্ঘ্য প্রায় ২৮৩ কিলোমিটার। এর বড় একটা অংশই পড়েছে কক্সবাজারের উখিয়া-টেকনাফ এবং বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলায়। সীমান্তের ওপারে অব্যাহত গোলাগুলি ও সংঘাতময় পরিস্থিতি বাংলাদেশেও কিছুটা আতঙ্ক ছড়িয়েছে। এ অবস্থায় নতুন করে বাংলাদেশে যাতে রোহিঙ্গা অনুপ্রবেশ না ঘটে, সেজন্য বাড়তি নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন কক্সবাজার এবং বান্দরবানের স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকর্তারা।

নাইক্ষ্যংছড়ির উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাকারিয়া বিবিসি বাংলাকে বলেন, “আমরা স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে যোগাযোগ অব্যাহত রেখেছি। সীমান্ত এলাকার লোকজনের মধ্যে যদি ভীতির পরিমাণ বেশি থাকে, সেক্ষেত্রে প্রয়োজনে বাসিন্দাদের নিরাপদ আশ্রয়ে নিয়ে যাওয়া হবে।” মি. জাকারিয়া জানিয়েছেন, এখনো পর্যন্ত সতর্কতা আগের মতোই আছে। যদি বাহিনীগুলোর পক্ষ থেকে কোন ধরনের চাহিদা থাকে সে অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

সীমান্তের ওপার থেকে গোলাগুলির শব্দে স্থানীয় লোকজনের মধ্যে এক ধরনের উৎকর্ষা দেখা দিয়েছে জানিয়ে কক্সবাজার জেলা পুলিশ সুপার মাহফুজুল ইসলাম বিবিসিকে বলেছেন, “আমরা আরও দু’একদিন পরিস্থিতি দেখবো। এ বিষয়ে আমরা যারা আইনশৃঙ্খলা বাহিনীর ও অন্যান্য প্রশাসনে সদস্যরা একত্রে কাজ করছি। আমাদের তৎপরতা ও সতর্কতা অব্যাহত রয়েছে।” যদিও সেখানকার কর্মকর্তারা সতর্কতা হিসেবে ঠিক কী ধরনের পদক্ষেপ নেয়া হয়েছে, তার বিস্তারিত তথ্য দেননি। এর আগে বাংলাদেশে রোহিঙ্গা অনুপ্রবেশের সবচেয়ে বড় ঘটনা ঘটে ২০১৭ সালে রাখাইন রাজ্যে সংঘর্ষের পর। গত তিন মাস ধরে মিয়ানমারের অভ্যন্তরে সংঘাত চলছে। ফলে গত ডিসেম্বর থেকে ঘুমধুমের তুমকুসহ বেশকিছু সীমান্ত এলাকা থেকে অনুপ্রবেশ ঘটানোর আশঙ্কা তৈরি হয়েছে।

এদিকে, মিয়ানমারের চলমান সংঘাতের কারণে রাখাইন রাজ্যের পরিস্থিতি ভূ-রাজনৈতিকভাবে জটিল আকার ধারণ করতে পারে বলে মনে করেন নিরাপত্তা বিশ্লেষকরা। তারা বলছেন এমন পরিস্থিতিতে রোহিঙ্গা জনগোষ্ঠী আবাসে বাংলাদেশে অনুপ্রবেশের চেষ্টা করতে পারে। বাংলাদেশের কর্মকর্তাদের মধ্যেও তেমন আশংকা রয়েছে। বিবিসি বাংলা নিরাপত্তা বিশ্লেষক মেজর (অব.) এমদাদুল ইসলাম এবং ইশফাক ইলাহী চৌধুরীর সাথে কথা বলেছে। তারা দুইজনই মনে করেন, সংঘাতের তীব্রতা বাড়লে, জীবন বাঁচানোর জন্য মরিয়া হয়ে ওইসব এলাকার রোহিঙ্গা জনগোষ্ঠী বাংলাদেশে ঢুকে পড়তে পারে। সেক্ষেত্রে যেহেতু এখানে আগেও এখানে (বাংলাদেশে) রোহিঙ্গারা এসে আশ্রয় নিয়েছে, তারা তাদের পরিচিত জনদের কাছে আশ্রয় চাইতে পারে।

এছাড়া এই সংঘাতের প্রভাব শুধু বাংলাদেশ না, প্রতিবেশী দেশ ভারতেও পড়ার আশঙ্কার কথা জানাচ্ছেন বিশ্লেষকরা। নতুন করে রোহিঙ্গাদের অনুপ্রবেশ ঠেকাতে সরকারকে নতুন কৌশল নেয়ার পরামর্শ দিচ্ছেন বিশ্লেষকরা। নিরাপত্তা বিশ্লেষক এমদাদুল ইসলামের পরামর্শ বাংলাদেশের রোহিঙ্গা ক্যাম্পের মাঝিদের রাখাইন রাজ্যের তাদের স্বজন ও পরিচিত জনদের সাথে যোগাযোগ রয়েছে।

“তাদের মাধ্যমে সরকার মিয়ানমারের ওই অঞ্চলের বাসিন্দাদের পরামর্শ দিতে পারে যে, তারা বাংলাদেশমুখী হলে এবার বিপদ আরও বাড়তে পারে।” বাংলাদেশে ২০১৭ সালে রোহিঙ্গা ঢল প্রবেশের পর গত ছয় বছর ধরে তাদের প্রত্যাশন নিয়ে একের পর এক উদ্যোগ নেয়া হয় সরকারের পক্ষ থেকে। গত মেয়াদে সরকারের পররাষ্ট্রমন্ত্রী বেশ কয়েকবার মিয়ানমারে রোহিঙ্গাদের প্রত্যাশনে কিছু আশার বানীও শুনিয়েছিলেন। কিন্তু বাংলাদেশ সরকারের সে উদ্যোগ সফল হয়নি। নতুন সরকার দায়িত্ব নেয়ার পর রোববার বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর সাথে বৈঠক করেন চীনের রাষ্ট্রদূত এবং জাতিসংঘের আবাসিক প্রতিনিধি।

পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ওই আলোচনায় গুরুত্ব পেয়েছে রোহিঙ্গা ইস্যুটি। বিশেষ করে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে রোহিঙ্গা প্রত্যাশনে উদ্যোগ নেয়ার আহ্বান জানানো হয় চীনকে। বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ সাংবাদিকদের বলেছেন, “মিয়ানমারের পরিস্থিতি কখনোই ভালো ছিলো না। আমরা চীনকে বিষয়টি নিয়ে বলেছি। বাংলাদেশের আশা পরিস্থিতি ভালো হবে, এবং দ্রুতই রোহিঙ্গা প্রত্যাশন শুরু হবে।” বাংলাদেশে জাতিসংঘের

আবাসিক প্রতিনিধি গোয়েন লুইসের সাথে বৈঠকেও এই ইস্যুটি গুরুত্ব পায় বলে জানাচ্ছে পররাষ্ট্র মন্ত্রণালয়। বৈঠকের পরে জাতিসংঘের আবাসিক প্রতিনিধি গোয়েন লুইস বলেন, “মিয়ানমারে রোহিঙ্গা প্রত্যাশাসন অগ্রাধিকার হলেও, সেটার জন্য চলমান পরিবেশ সহায়ক নয়।” তবে নতুন করে কোন রোহিঙ্গা অনুপ্রবেশের কোন ঘটনা ঘটছে না, বলে মন্তব্য করেন মিজ. লুইস। (বিবিসি ওয়েব পেজ : ২৮.১.২৪ রিহাব)

যুদ্ধশিশু ও এতিম দেখিয়ে নেদারল্যান্ডসে শিশু ‘পাচারে’র বহু পুরনো ঘটনার তদন্ত বাংলাদেশে

বাংলাদেশের স্বাধীনতার পরে যুদ্ধশিশু ও অনাথদের বিদেশে পুনর্বাসনের সময়ে এমন অনেক শিশুকে নেদারল্যান্ডসে নিয়ে যাওয়া হয় যারা আদতে যুদ্ধশিশু বা অনাথ ছিলই না। বাবা-মাকে না জানিয়ে কিংবা তাদের অমতে সন্তানদের দত্তক হিসেবে পাঠিয়ে দেয়ার প্রায় পঞ্চাশ বছর পরে সেই সব ঘটনা খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে বাংলাদেশ পুলিশ। দরিদ্র বাবা-মাকে সন্তানদের বোর্ডিং স্কুলে দেওয়ার কথা বলে কৌশলে ওই শিশুদের দত্তক হিসেবে নিয়ে যাওয়া হয়েছিলো বলে অভিযোগ উঠেছিল। সেই সময় বাংলাদেশসহ পাঁচটি দেশ থেকে শিশুদের দত্তক নেবার ক্ষেত্রে নিয়মকানুন লঙ্ঘন করা হয়েছে এমন প্রমাণ পাওয়ার পর ২০২১ সালে বিদেশ থেকে শিশুদের দত্তক নেওয়া পুরোপুরি স্থগিত করে দেয় নেদারল্যান্ডস সরকার। “বছরের পর বছর মা আমাকে খুঁজে ফিরেছেন। আমাকে যেখানে হারিয়েছেন সেখানে আর থাকেননি তিনি। কিন্তু, মৃত্যুর আগে আগে সেই জায়গায় আবার এসেছিলেন।” “আমার বোনদের বলেছিলেন, যদি মেয়েটা ফিরে আসে, এখানেই আসবে সে। তার তিন মাস পরে মারা যান আমার মা।” বিবিসি বাংলাকে কথাগুলো বলছিলেন কনা ভেরহেউল। ডাচ নাগরিক তিনি। কিন্তু জীবনের দীর্ঘ সময় পার করে তিনি জেনেছেন তার আসল বাবা-মায়ের পরিচয়। জেনেছেন তার নিজের নাম ছিল নাসিমা। তারপর, নিজের শেকড়ের কাছে পৌঁছেছেন যত দিনে, তার মা আর তখন বেঁচে নেই। “আমি তবু ভাগ্যবান, নিজের পরিবারকে ফিরে পেয়েছি। আর কাউকে যেন এসবের মধ্য দিয়ে যেতে না হয়। তাতে জীবনটা নড়বড়ে হয়ে যায়।”

তবে বোন-ভাগ্নীদের কাছ থেকে কনা জেনেছেন, তার মা তাকে দত্তক দেননি। ত্যাগ করেননি সন্তানকে। তার সম্মতিই ছিল না দত্তকের ব্যাপারে। ব্রিটিশ সংবাদপত্র দ্য গার্ডিয়ানের এক অনুসন্ধানী প্রতিবেদনে উঠে আসে, বাংলাদেশের স্বাধীনতার পরে ঢাকার টঙ্গী এলাকার একাধিক নারীকে প্রলোভন দেখানো হয়েছিলো তাদের সন্তানের উন্নত ভবিষ্যতের। তবে সেটা বাংলাদেশেই ভালো থাকা-খাওয়ার ব্যবস্থা করার মাধ্যমে। কিন্তু সন্তানদের পাঠানোর কয়েকদিন পর খোঁজ নিতে গিয়ে অভিভাবকরা আর তাদের দেখা পাননি। ওই প্রতিবেদনে বলা হয়, টঙ্গীর স্থানীয়রা টেরি ডেস হোমস্ নামে একটি এনজিও-র দিকে অভিযোগের আঙুল তোলেন। তবে এনজিও-টি দাবি করে দত্তক ব্যবস্থাপনা তাদের কাজ নয়। বিবিসি বাংলাকে কনা ভেরহেউল বলেন, “দেখি দত্তকের কাগজপত্র সবই আছে, কিন্তু সেগুলো দিয়ে ফেলে আসা স্বজনদের খুঁজে পাওয়া যায় না কেন! তার মানে তথ্যে কোথাও গরমিল আছে। হয়তো ইচ্ছে করেই বানোয়াট তথ্য দেয়া হয়েছে!”, যোগ করেন তিনি। কিন্তু কনা ভেরহেউল ও তার সঙ্গীরা থামেননি। তাদের অন্ত্রেষণ চালিয়ে গেছেন।

এক পর্যায়ে তারা খোঁজ পান, কোনও কোনও মা-ও তাদের হারানো সন্তানকে খুঁজে ফিরেছেন। সুনির্দিষ্ট কোনও তথ্যপ্রমাণ ছাড়া কারও পরিবারকে খুঁজে বের করা সহজ কাজ নয়। এ দুরূহ কাজটিই করার লক্ষ্যেই কনা ভেরহেউল গড়ে তোলেন শাপলা কমিউনিটি। মিজ ভেরহেউল বলছিলেন, এই প্রতিষ্ঠানটির মাঠ-কর্মীরা গ্রামেগঞ্জে ঘুরে সেই সত্তর দশকে দত্তকের নামে সন্তান হারানো কেউ আছে কি না, তাদের খুঁজে বেড়ান। “এমন কাউকে পাওয়া গেলে তার সম্পর্কে যত বেশি সম্ভব তথ্য জানার চেষ্টা করা হয়। নেদারল্যান্ডসে যারা আছেন তাদের কাছ থেকেও যত রকমের তথ্য নেওয়া সম্ভব জোগাড় করি আমরা। তারপর মিলিয়ে দেখতে থাকি। কিন্তু শুধু এই সব তথ্যের ওপর নির্ভর করেই থাকা যায় না। নিশ্চিত হওয়ার জন্য ডিএনএ টেস্ট করতে হয়। কারণ একমাত্র এভাবেই পুরোপুরি নিশ্চিত হওয়া যায়, মানুষটা আমার স্বজন কি না”, বলছিলেন তিনি।

সংস্থাটির পক্ষ থেকে জানানো হয়, এই প্রক্রিয়ার মাধ্যমে ইতোমধ্যে ৪০জন মানুষ তাদের পরিবারকে খুঁজে পেয়েছেন। মিলিত হয়েছেন তাদের সাথে। আরও ১৫০ জন আছেন অপেক্ষমান তালিকায়। একদিন হয়তো তারাও তাদের পরিবারকে খুঁজে পাবেন, এমনটাই আশা শাপলা কমিউনিটির প্রতিষ্ঠাতার। কনা ভেরহেউলের কথায়, “তাদের সন্তানরা ঠিক আছে, এটা অন্তত জানুক বাবা-মায়েরা, এইই আমাদের লক্ষ্য! আমি ডিএনএ স্যাম্পল দিয়ে এসেছি। ফলফলটা জানার জন্য অপেক্ষা করছি।” বিবিসি বাংলাকে বলছিলেন রেনু ডি ব্রুইনা। পঞ্চাশ বছর আগে বাংলাদেশ থেকে যার ঠিকানা হয়েছিলো নেদারল্যান্ডস। তখন, তার নামের পাশে লেখা ছিলো ‘এতিম’। অথচ, রেনু এখনো বাবা-মাকে খুঁজে চলেছেন। “আমি আমার পরিবারের সন্ধানে গত বছরের নভেম্বরে বাংলাদেশে গিয়েছিলাম। টঙ্গীতে খুঁজেছি, সিঙ্গাইরে খুঁজেছি।” “একজনকে পেলাম যে হয়তো আমার বোন হতে পারে। তার সঙ্গে ডিএনএ টেস্টের ফল মেলে কিনা সেই অপেক্ষা এখন”, বলছিলেন মিজ ডি ব্রুইনা। “দ্রুত ফলাফলটা জানা দরকার। যত দেরি হবে বাবা-মায়েরদের এতদিন পর বেঁচে না থাকার আশঙ্কাটা ততই বাড়বে। যেন বেঁচে থাকতে থাকতেই তাদের খুঁজে পাই”, এটাই এখন প্রত্যাশা তার। দত্তক হিসেবে গৃহীত হওয়াটা কোনও ভালো জীবনের নিশ্চয়তা দেয় না বলে মনে করেন মিজ ভেরহেউল।

বলেন, “সব শিশুর কপালে স্নেহশীল বাবা-মা জোটে না। এটা অ্যারেঞ্জড ম্যারেজের মতো। দু’জন অপরিচিতি মানুষের সাথে একটা শিশুকে থাকতে পাঠিয়ে দেওয়া। তাদের একটা সংসার আর আর্থিক সামর্থ্য থাকাই যেখানে যথেষ্ট বলে বিবেচিত হয়, শিশুটির প্রতি তাদের কোনো ভালোবাসা থাক বা না থাক।” ফলে তার মতে, যত সুখেই বড় হোন না কেন, একটা গভীর বেদনার উপলব্ধি থেকেই যায়। সেই উপলব্ধির তাড়নাতেই মিজ ভেরহেউল প্রতিষ্ঠা করেন শাপলা কমিউনিটি।

যার মাধ্যমে সত্তরের দশকের সেইসব শিশুদের পরিবার খুঁজে পেতে তারা সাহায্য করছেন, যারা দত্তকের নামে ‘পাচার’ হয়ে গিয়েছিলেন। সপ্তাহ তিনেক আগে বাংলাদেশে এই ঘটনার প্রথম পুলিশি তদন্তে প্রথম প্রত্যক্ষদর্শী হিসেবে কনা ভেরহেউলের সাক্ষাৎকার নেয় বাংলাদেশ পুলিশের ডিপ্লোম্যাটিক অ্যান্ড প্রোটোকল উইং অব দ্য স্পেশাল ব্রাঞ্চ। বাহিনীটির স্পেশাল সুপারিনটেনডেন্ট মার্শরুফ হোসেন মার্শফি বিবিসি বাংলাকে জানান, স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে কয়েক মাস আগে এই তদন্তটি করার জন্য নথি পাঠানো হয়। মি. মার্শফি বলেন, “এটা একটা কষ্টদায়ক অধ্যায়, ফোসফুলি যারা অ্যাডপ্টেড হয়েছেন বলে দাবি করছেন, তাদের একটা বড় কমিউনিটিও গড়ে উঠেছে, এই মানুষগুলো শেকড় খুঁজছেন।” কোনো ধরনের অসঙ্গতি বা আইন ভঙ্গের ঘটনা যদি ঘটে থাকে, সেটা যত আগেই হোক না কেন, পুরো বিষয়টাকে আইনের আওতায় নিয়ে আসার চেষ্টা করা হবে বলে জানাচ্ছেন তিনি। বাংলাপিডিয়া থেকে জানা যাচ্ছে, “কানাডার ইউনিসেফ কমিটির নির্বাহী পরিচালক অবরুদ্ধ বাংলাদেশ ও স্বাধীন বাংলাদেশে কয়েকবার সফর করেন। এ সফরকালে ঢাকায় ইউনিসেফের কর্মকর্তা এবং লীগ অব রেডক্রস সোসাইটিজের প্রতিনিধিদের সঙ্গে তার কয়েকবার আলোচনা হয়। এ আলোচনার পর তিনি অটোয়ায় সদরদপ্তরে যে প্রতিবেদন পেশ করেন, তাতে বাংলাদেশের যুদ্ধশিশুর সংখ্যা দশ হাজারের মতো বলে উল্লেখ করা হয়।”

শাপলা কমিউনিটির তথ্য মতে, সত্তরের দশকে নেদারল্যান্ডসে ৫০০, ডেনমার্ক ১৭০, সুইডেনে ২০০ ও নরওয়েতে ১০০টির মতো শিশুকে বাংলাদেশ থেকে নেওয়া হয়েছিলো। যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি ও সুইজারল্যান্ডও কিছু শিশুর গন্তব্য হয় তখন। “নেদারল্যান্ডসে ওই সময় যে প্রায় ৫০০ শিশু এসেছে তদন্তটা শেষ হলে হয়তো আমরা জানতে পারতাম তার মধ্যে কয়জন যুদ্ধ শিশু আর কয়জন তা নয়”, মন্তব্য মিজ ভেরহেউলের। বাংলাপিডিয়ার তথ্য বলছে, জেনেভা-ভিত্তিক ইন্টারন্যাশনাল সোশ্যাল সার্ভিস, মন্ট্রিল-ভিত্তিক ফ্যামিলিজ ফর চিলড্রেন এবং টরন্টো-ভিত্তিক কুয়ান-ইন ফাউন্ডেশন শিশুদের দত্তক ইস্যুতে কাজ করে। এছাড়া, যুক্তরাষ্ট্র-ভিত্তিক হোল্ট অ্যাডপশন প্রোগ্রাম ইনক এবং টেরি ডেস হোমস-এর মতো বিভিন্ন সংগঠনও সে সময় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এর মধ্যে টেরি ডেস হোমস নেদারল্যান্ডস্ ভিত্তিক সংগঠন। সংস্থাটির তৎকালীন স্থানীয় পরিচালকের ভূমিকা নিয়ে প্রশ্ন ওঠার প্রেক্ষিতে তারা নিজেদের অবস্থান পরিষ্কার করে বিবৃতি দেয়। তাতে বলা হয়, ১৯৭০-এর দশকে সালে বাংলাদেশে টেরি ডেস হোমস নেদারল্যান্ডস্ বা টিডিএইচএন জরুরি চিকিৎসা, শিক্ষা নিশ্চিত করতে কাজ করে। এছাড়া, যুদ্ধ ও দুর্যোগে বিপর্যস্ত দেশটির জন্য জরুরি আশ্রয় অবকাঠামো নির্মাণেও ভূমিকা রাখে তারা। এই সংস্থার চাকরির পাশাপাশি স্থানীয় পরিচালক তখন ব্যুরো ইন্টারন্যাশনালজিকে অ্যাডপ্টিয়ে বা বিআইএ’র হয়েও কাজ করতেন। শিশুদের দত্তকের বিষয়টি দেখভাল করতো বিআইএ। এ ব্যাপারে টিডিএইচ অবগত থাকলেও দত্তকের ব্যাপারে তাদের কোনও ভূমিকা ছিল না সংস্থাটি দাবি করেছে।

চল্লিশ বছর পর এসে ধরে ধরে প্রতিটি ঘটনা তুলে ধরা কঠিন বলে জানালেও তারা এটা নিশ্চিত হয়েছেন, যে তাদের কান্ডি ডিরেক্টর তার ক্ষমতার কোনও অপব্যবহার করেননি। নেদারল্যান্ডসের কর্তৃপক্ষ ২০২১ সালে পাঁচটি দেশ থেকে শিশু দত্তক নেওয়া সাময়িকভাবে নিষিদ্ধ করে। বাংলাদেশ তার অন্যতম। তালিকার বাকি দেশগুলো হলো ইন্দোনেশিয়া, ব্রাজিল, কলম্বিয়া এবং শ্রীলঙ্কা। ১৯৬৭ সাল হতে ১৯৯৮ সাল পর্যন্ত এসব দেশ থেকে যেসব শিশুকে দত্তক নেওয়া হয়েছিল, সেখানে বিভিন্ন অনিয়মের অভিযোগ ওঠে। ভুল তথ্য দেওয়া, কাগজপত্র জালিয়াতি-সহ অনেকগুলো অভিযোগের তদন্ত করে জৌস্ত্রা কমিশন। তদন্তের প্রতিবেদন প্রকাশের পর কয়েকদিন আগে নেদারল্যান্ডসের সরকার এই সিদ্ধান্ত নেয়। ১৯৭১ সালে যুদ্ধ পরবর্তী সময়ে তখন বাংলাদেশকে বিপুল সংখ্যক অভিভাবকহীন এতিম শিশু, পরিত্যক্ত শিশু আর ধর্ষণের শিকার হয়েছেন এমন নারীদের গর্ভে জন্ম নেয়া যুদ্ধ-শিশুর পুনর্বাসনে হিমশিম খেতে হয়। স্বাধীনতার পরবর্তী বছরগুলোতে বাংলাদেশ থেকে হাজারের ওপর শিশুকে বিদেশিরা দত্তক নিয়ে গিয়েছিল।

(বিবিসি ওয়েব পেজ : ২৮.১.২৪ রিহাব)

ভয়েস অফ আমেরিকা

শ্রম আদালতে কারাদণ্ডের রায়ের বিরুদ্ধে আপিল : ড. মুহাম্মদ ইউনূস

বাংলাদেশের একটি শ্রম আদালতের দেয়া ৬ মাসের কারাদণ্ডের রায় চ্যালেঞ্জ করে, রবিবার (২৮ জানুয়ারি) শ্রম আপিল ট্রাইব্যুনালে আবেদন করেছেন গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান ড. মুহাম্মদ ইউনূস। বিস্তারিত শুনানির জন্য আদালত আপিল গ্রহণ করে এবং আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত দণ্ডপ্রাপ্ত ব্যক্তিদের জামিন মাঞ্জুর করে আদেশ দেয়। “প্রাথমিক শুনানির পর, শ্রম আপিল ট্রাইব্যুনাল আপিল আবেদনটি শুনানির জন্য গ্রহণ করেছে এবং এ মামলার সঙ্গে সংশ্লিষ্ট শ্রম

আদালতের নথি তলব করেছে;” জানান ড. ইউনুসের আইনজীবী আব্দুল্লাহ আল মামুন। শ্রম আইন লঙ্ঘনের মামলায় ড. মুহাম্মদ ইউনুসসহ ৪ জনের জামিন মঞ্জুর করেছে আদালত। আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত, তাদের জামিন দিয়েছে শ্রম আপিল ট্রাইব্যুনাল। ঢাকার কাকরাইলে অবস্থিত বাংলাদেশের একমাত্র শ্রম আপিল ট্রাইব্যুনালের বিচারক এম এ আউয়াল এ আদেশ দেন বলে জানান দণ্ডপ্রাপ্ত ব্যক্তিদের আইনজীবী আব্দুল্লাহ আল মামুন। তিনি জানান যে রায় বাতিল করে, অভিযোগ থেকে দণ্ডপ্রাপ্তদের খলাস দাবি করে আবেদন করা হয়েছে। ড. ইউনুস ছাড়া সাজাপ্রাপ্ত অপর ৩ জন হলেন, গ্রামীণ টেলিকমের সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) আশরাফুল হাসান, পরিচালক নুর জাহান বেগম ও মো. শাহজাহান। আবদুল্লাহ আল মামুন বলেন, “ঢাকার তৃতীয় শ্রম আদালতের দেয়া রায় চ্যালেঞ্জ করে ড. ইউনুসসহ ৪ জন বিবাদী রবিবার শ্রম আপিল ট্রাইব্যুনালে আপিল করেন এবং স্থায়ী জামিন প্রার্থনা করেন।” এর আগে, ১ জানুয়ারি ড. ইউনুসসহ ৪ জনকে ৬ মাস করে কারাদণ্ডের রায় দেয় আদালত। একইসঙ্গে প্রত্যেককে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়। রায় ঘোষণার পর উচ্চ আদালতে আপিল করার শর্তে ড. ইউনুসসহ ৪ জনকে এক মাসের অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছিলো একই আদালত। একই সঙ্গে, আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তাদেরকে জামিন দেয়া হয়েছে বলে জানান তিনি। গত ২০২১ সালের ১ সেপ্টেম্বর শ্রম ট্রাইব্যুনালে ড. ইউনুসসহ ৪ জনের বিরুদ্ধে এই মামলা দায়ের করা হয়। গত বছর ৬ জুন মামলার অভিযোগ গঠিত হয়। ২২ আগস্ট সাক্ষ্য গ্রহণ শুরু হয়, শেষ হয় ৯ নভেম্বর। আর, যুক্তিতর্ক শুনানি শেষ হয় ২৪ ডিসেম্বর। মামলায় অভিযোগ আনা হয়, শ্রম আইন ২০০৬ ও শ্রম বিধিমালা ২০১৫ অনুযায়ী, গ্রামীণ টেলিকমের শ্রমিক বা কর্মচারীদের শিক্ষানবিশকাল পার হলেও তাদের নিয়োগ স্থায়ী করা হয়নি। প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক বা কর্মচারীদের মজুরিসহ বার্ষিক ছুটি, ছুটি নগদায়ন ও ছুটির বিপরীতে নগদ অর্থ দেয়া হয়নি। গ্রামীণ টেলিকমে শ্রমিক অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল গঠন করা হয়নি এবং লভ্যাংশের ৫ শতাংশের সমপরিমাণ অর্থ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন অনুযায়ী গঠিত তহবিলে জমা দেয়া হয়নি।

(ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৪ এলিনা)

বিএনপিকে দেশি-বিদেশিরা 'কালো আর লাল পতাকা' দেখিয়েছে : হাছান মাহমুদ

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, “বিএনপি না কি কালো পতাকা মিছিল ডেকেছে। অথচ বিএনপির নির্বাচন ভঙ্গুলের চক্রান্তকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়েছে দেশের জনগণ।” শনিবার (২৭ জানুয়ারি) বিকালে রাজধানী ঢাকার বঙ্গবন্ধু এভিনিউয়ে, আওয়ামী লীগের ঢাকা মহানগর দক্ষিণ শাখা আয়োজিত ‘শান্তি ও গণতন্ত্র’ সমাবেশে একথা কথা বলেন তিনি। জনগণ নির্বাচনে অংশ নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পুনর্নির্বাচিত করে বিএনপিকে ইতিমধ্যেই কালো পতাকা দেখিয়ে দিয়েছে বলে উল্লেখ করেন হাছান মাহমুদ। নিদলীয় সরকারের অধীনে নতুন নির্বাচনের দাবিতে, দ্বাদশ জাতীয় সংসদের অধিবেশনের প্রথম দিন সোমবার (৩০ জানুয়ারি) সারা দেশে কালো পতাকা মিছিল করার ঘোষণা দিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি। সমাবেশে হাছান মাহমুদ বলেন, নির্বাচনের আগে যে বিদেশিদের কাছে বিএনপি “বারবার ধর্না দিয়েছিলো”, তারাও নির্বাচনে পর্যবেক্ষক পাঠিয়েছে। “তারা নির্বাচনের প্রশংসা করেছে, শেখ হাসিনার সরকারকে অভিনন্দন জানিয়ে একসঙ্গে কাজের আগ্রহ ব্যক্ত করেছে। অর্থাৎ, বিদেশিরাও বিএনপিকে লাল পতাকা দেখিয়েছে;” যোগ করেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক। এর আগে, শুক্রবার (২৬ জানুয়ারি) এক কর্মসূচিতে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান বলেন যে জনগণের ম্যাডেট নিয়ে সংসদ বা বর্তমান সরকার গঠিত হয়নি। “জনগণের ভোটে সংসদ ও সরকার গঠিত হয়নি। সুতরাং এটা জনগণের সংসদ নয়, জনগণের সরকার নয়,” তিনি বলেন। তিনি বলেন, ৭ জানুয়ারি ভোটারদের অংশগ্রহণ ছাড়া একতরফা নির্বাচনের মাধ্যমে গঠিত সরকারকে দেশের মানুষ প্রত্যাখ্যান করেছে। “সরকার বন্দুক, রাইফেল ও গুলি দিয়ে শক্তি প্রয়োগ করে জনগণকে দমন করার চেষ্টা করতে পারে। শেষ পর্যন্ত তারা জনগণের কাছে পরাজিত হবে,” মঈন খান বলেন। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৪ এলিনা)

রোহিঙ্গা সংকট অবসানে বিশ্বকে "পথ খোঁজার" আহ্বান জানানো প্রধানমন্ত্রী শেখ হাসিনা

রোহিঙ্গা সংকট সমাধানে গুরুত্ব দিয়ে চিন্তা করতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আবাহন আহ্বান জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রবিবার (২৮ জানুয়ারি) বীরেন্দ্র শর্মার নেতৃত্বে ব্রিটিশ সংসদের একটি বহুদলীয় প্রতিনিধি দল গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্পিচ রাইটার মো. নজরুল ইসলাম সাংবাদিকদের জানান যে, শেখ হাসিনা বলেছেন মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গা নাগরিকরা যেন তাদের নিজ দেশে ফিরে যেতে পারে, তারা যেন সুন্দরভাবে জীবন যাপন করতে পারে, তা নিশ্চিত করতে এই সংকটের দ্রুত সমাধান প্রয়োজন। “পুরো বিশ্বের উচিত এই সংকটের সমাধান খুঁজে বের করা, যাতে মিয়ানমারের নাগরিকরা তাদের মাতৃভূমিতে ফিরে যেতে পারে এবং সুন্দরভাবে জীবনযাপন করতে পারে,” প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উদ্ধৃত করে নজরুল ইসলাম বলেন। জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গারা বাংলাদেশের মতো একটি ছোট দেশের জন্য ভারী বোঝা হয়ে উঠছে বলেও উল্লেখ করেন শেখ হাসিনা। মিয়ানমারের নৃশংস দমন-পীড়ন থেকে বাঁচতে ২০১৭ সালে বাড়িঘর ছেড়ে পালিয়ে আসা ১০ লাখের বেশি

রোহিঙ্গাকে আশ্রয় দিয়েছে বাংলাদেশ। একই দিনে, ঢাকায় দায়িত্বরত জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী গোয়েন লুইস বলেছেন, মিয়ানমারের অভ্যন্তরের পরিস্থিতি খুবই কঠিন। এ কারণে, রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য এটি ভালো সময় নয়। রবিবার (২৮ জানুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। গোয়েন লুইস বলেছেন, প্রত্যাবাসন বাংলাদেশের জন্য একটি অগ্রাধিকার। আর, রোহিঙ্গাদের পাশাপাশি বাংলাদেশও তাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের বিষয়ে সম্মত হয়েছে। বৈঠকে, রোহিঙ্গাদের জন্য অর্থায়ন এবং মিয়ানমারের অভ্যন্তরে ও কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পে নিরাপত্তার নানা দিক নিয়ে আলোচনা করেন গোয়েন লুইস ও হাছান মাহমুদ। গোয়েন লুইস আরো বলেন, “আমাদের অর্থায়নের ঘাটতি রয়েছে।” এর আগে, রোহিঙ্গা ও কক্সবাজার এলাকায় তাদের আশ্রয় প্রদানকারী স্থানীয় জনগোষ্ঠীর জন্য সংহতি ও তহবিল বাড়ানোর আহ্বান জানায় জাতিসংঘ। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৪ এলিনা)

রেডিও তেহরান

পাকিস্তানের বিপক্ষে ৩৬ রানের জয় বাংলাদেশ নারী দলের

ত্রিদেশীয় অনূর্ধ্ব-১৯ নারী টি-টোয়েন্টি সিরিজে, পাকিস্তানকে ৩৬ রানে হারিয়েছে বাংলাদেশ নারী দল। শনিবার (২৭ জানুয়ারি) কক্সবাজারের শেখ কামাল আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে ত্রিদেশীয় সিরিজের দ্বিতীয় ম্যাচে, টানা দ্বিতীয় জয় পায় বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী দল। টস জিতে, দিনের ম্যাচে প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৪ উইকেট হারিয়ে ১৩৬ রান সংগ্রহ করে বাংলাদেশ দল। অধিনায়ক সুমাইয়া আক্তার ২৪ বলে ৩২ রান করেন। এছাড়া বাংলাদেশের হয়ে আরবিন তানি ৩১, সুমাইয়া সুবর্ণা ২৪ ও রাবেয়া খান ২৩ রান করেন। বাংলাদেশের দুটি উইকেট নেন আনোশা নাসির। জবাবে ব্যাট করতে নেমে উদ্বোধনী জুটিতে ৫১ রান তুলে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে মাত্র ১০০ রান তোলে পাকিস্তান। পাকিস্তানের হয়ে ওপেনার আইমান ফাতিমা ৩৯ এবং আরেক ওপেনার সামিয়া আফসার ২৫ রান করেন। আফিয়া আসিমা পাকিস্তানের ২টি এবং ফারিয়া আক্তার ও রাবেয়া খান ১টি করে উইকেট নেন। খেলা শেষে, ২৩ রান ও একটি উইকেট নেয়া স্পিনার রাবেয়া খান ম্যাচের সেরা খেলোয়াড় নির্বাচিত হন। এর আগে, বুধবার (২৫ জানুয়ারি) একই ভেন্যুতে ত্রিদেশীয় নারী টি-টোয়েন্টি সিরিজে, শ্রীলঙ্কাকে ৫ উইকেটে হারিয়ে ভালো সূচনা করে বাংলাদেশ। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৮.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

বিএনপি সংসদ অধিবেশনের দিন কালো পতাকা মিছিল করবে : গণেশ্বর চন্দ্র রায়

নিদলীয় সরকারের অধীনে নতুন নির্বাচনের দাবিতে, দ্বাদশ জাতীয় সংসদের অধিবেশনের প্রথম দিন সোমবার (৩০ জানুয়ারি) সারা দেশে কালো পতাকা মিছিল করবে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি। শনিবার (২৭ জানুয়ারি) নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে, পূর্বঘোষিত কালো পতাকা মিছিল শুরুর আগে নতুন এই কর্মসূচি ঘোষণা করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গণেশ্বর চন্দ্র রায়। তিনি বলেন, “অবৈধ ডামি সংসদ বাতিল করে, নিদলীয় নিরপেক্ষ সরকারের অধীনে নতুন জাতীয় সংসদ নির্বাচনের দাবিতে, আগামী ৩০ জানুয়ারি সব মহানগর, জেলা, উপজেলায় কালো পতাকা মিছিল বের করবে আমাদের দলের সব শাখা।” জনগণকে সঙ্গে নিয়ে কর্মসূচি সফল করতে, বিএনপি নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান গণেশ্বর চন্দ্র রায়। এর আগে, দুপুরে, দ্বাদশ জাতীয় সংসদ বাতিলের দাবিতে এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রতিবাদে কালো পতাকা মিছিল কর্মসূচিতে যোগ দিতে, ঢাকার দুই মহানগরীর বিএনপি ও সহযোগী সংগঠনের হাজার হাজার নেতাকর্মী নয়াপল্টনে সমবেত হন। সংক্ষিপ্ত সমাবেশ শেষে বিকাল ৩টার দিকে কালো পতাকা মিছিল শুরু হয়। মিছিল রাজধানীর নাইটিঙ্গেল মোড় ও ফকিরাপুল মোড় হয়ে আরামবাগ মোড়ের কাছে গিয়ে শেষ হয়। একই দাবিতে শুক্রবার (২৬ জানুয়ারি) বিএনপির সব জেলায় একই ধরনের কর্মসূচি পালন করা হয়। গত ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর, এটা ছিলো বিএনপির প্রথম রাজপথের কর্মসূচি। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৮.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

এনএইচকে

ইউক্রেনকে সমর্থন করার জন্য নতুন কৌশল নিয়ে কাজ করছে বাইডেন প্রশাসন

ওয়াশিংটন পোস্ট জানিয়েছে যে, বাইডেন প্রশাসন ইউক্রেনকে সমর্থন দেয়ার জন্য একটি নতুন কৌশল নিয়ে কাজ করছে, যাতে রুশ অভিযানের নতুন অগ্রগতিকে প্রতিরোধের পাশাপাশি দীর্ঘমেয়াদে ইউক্রেনের লড়াইয়ের ক্ষমতা এবং অর্থনীতিকে শক্তিশালী করার উপর মনোযোগ দেয়া হবে। মার্কিন সংবাদপত্রটি, গত শুক্রবার প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাদের উদ্ধৃতি সম্বলিত নিবন্ধটি প্রকাশ করে। ওয়াশিংটন পোস্টের ভাষানুযায়ী, নতুন কৌশলটিতে রুশ দখলকৃত এলাকা ফিরে পাওয়ার পরিবর্তে বরং “ইউক্রেনকে তার যুদ্ধ সক্ষমতা এবং অর্থনীতিকে শক্তিশালী করার দীর্ঘমেয়াদী লক্ষ্যের দিকে অগ্রসর হওয়ার পাশাপাশি রাশিয়ার নতুন অগ্রগতি প্রতিরোধে সহায়তা করার” উপর জোর দেয়া হবে। সংবাদপত্রটি এও বলেছে যে, গত বছরের পাল্টা আক্রমণের ক্ষেত্রে ইউক্রেনের হতাশাজনক ফলাফলের পরিপ্রেক্ষিতে এই কৌশল নেয়া হচ্ছে। মার্কিন কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে যে, নতুন কৌশলটির লক্ষ্য হবে “ভবিষ্যতে

ইউক্রেনের সামরিক বাহিনীকে রুশ আগ্রাসন প্রতিহত করতে পারার মতো করে গড়ে তোলা" এবং "ইউক্রেনের শিল্প ও রপ্তানি ঘাঁটিগুলোকে রক্ষা, পুনর্গঠন ও প্রসারিত করতে সহায়তা করা।" সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হোয়াইট হাউসে ফিরে আসার সম্ভাবনার বিষয়টি মাথায় রেখে, একজন কর্মকর্তা এটি বলেছেন বলে জানা গেছে যে, নতুন কৌশলটি ইউক্রেনের জন্য "ভবিষ্যতেও কার্যকর থাকার মতো" সহায়তা হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। উল্লেখ্য, ইউক্রেনে যুক্তরাষ্ট্র যে পরিমাণ সাহায্য পাঠাচ্ছে, তা নিয়ে অভিযোগ তুলে আসছেন ট্রাম্প। তিনি মার্কিন এই অবদানকে দেশের জন্য অতিরিক্ত ভারী বোঝা হিসাবে বর্ণনা করেছেন। এদিকে, ইউক্রেনের কর্মকর্তারা বলছেন যে, রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় তাদের কাছে ৬৫ জন ইউক্রেনীয় যুদ্ধবন্দীর নাম সরবরাহ করেছে যারা তাদের দাবি অনুযায়ী বুধবার বিধ্বস্ত হওয়া রাশিয়ার সামরিক বিমানটিতে অবস্থান করছিলেন। উল্লেখ্য, বিমানটি ভূপাতিত করার জন্য ইউক্রেনের বিরুদ্ধে অভিযোগ তুলেছে রাশিয়া। তবে, স্থানীয় গণমাধ্যমগুলো জানিয়েছে যে, ইউক্রেনের সামরিক গোয়েন্দা প্রধান কিরিলো বুদানোভ এটি বলেছেন যে, "বিমানটিতে এত বেশি লোক থাকতে পারার মতো কোনো প্রমাণ এখন আমাদের কাছে নেই।" তিনি এমন ইঙ্গিতও দিয়েছেন বলে জানা গেছে যে, ইউক্রেন এখন এই ঘটনা সম্পর্কিত বিদ্যমান সমস্ত তথ্য সাবধানতার সাথে বিশ্লেষণ করছে। (এনএইচকে ওয়েব পেজ : ২৮.০১.২০২৪ এলিনা)

ডয়চে ভেলে

মিয়ানমারের রাখাইনে সংঘাত, আতঙ্ক বাংলাদেশ সীমান্তে

বাংলাদেশের সীমান্তবর্তী মিয়ানমারের রাখাইন রাজ্যের রোহিঙ্গা অধ্যুষিত এলাকায় সেনাবাহিনীর সঙ্গে আরাকান আর্মির তীব্র লড়াই চলছে। এর জেরে কক্সবাজারের টেকনাফ সীমান্তের এপারেও গুলি এসে পড়ছে। এমন পরিস্থিতিতে সীমান্তের বাসিন্দাদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। একইসঙ্গে সীমান্ত দিয়ে নতুন করে রোহিঙ্গা অনুপ্রবেশের আশঙ্কা তৈরি হয়েছে। তবে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ জানিয়েছেন, সীমান্তরক্ষীরা অনেক আগে থেকেই সেখানে সতর্ক অবস্থানে আছেন। সরকার পরিস্থিতির ওপর বিশেষ নজর রাখছে। উদ্ভূত পরিস্থিতিতে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) মহাপরিচালক মেজর জেনারেল এ কে এম নাজমুল হাসান রোববার সীমান্তবর্তী এলাকা পরিদর্শন করে কর্মকর্তাদের সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন।

মিয়ানমারের এই সংঘাতময় পরিস্থিতিতে রবিবার ঢাকায় চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের সঙ্গে বৈঠক করেছেন পররাষ্ট্রমন্ত্রী। বৈঠক শেষে ড. হাছান মাহমুদ বলেন, "মিয়ানমারের বিষয়ে নজর রাখছে চীন। রোহিঙ্গা প্রত্যাবাসনের বিষয়ে আমাদের মধ্যে আলোচনা হয়েছে। পাশাপাশি বর্তমান উদ্ভূত পরিস্থিতিতে আমরা একসঙ্গে কাজ করব।" বৈঠক শেষে রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, "মিয়ানমারের রাখাইন রাজ্যে দেশটির সেনাবাহিনী ও সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মির সংঘাত বন্ধ করে অস্ত্রবিরতির জন্য চীন মধ্যস্থতা করছে। রাখাইনে অস্ত্রবিরতি প্রতিষ্ঠা হলে রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে আবার আলোচনার পথ সুগম হবে।" রাখাইনের সংঘাতময় পরিস্থিতি প্রত্যাবাসনে বাধা সৃষ্টি করছে কি না, তা জানতে চাইলে ইয়াও ওয়েন বলেন, "রাখাইনের নিরাপত্তা পরিস্থিতি ও প্রত্যাবাসন নিয়ে আমরা আলোচনা করেছি। আমরা এটাও জানি, প্রত্যাবাসন এখন কিছুটা সমস্যার মুখে পড়েছে।"

তবে সাবেক রাষ্ট্রদূত ও মিয়ানমারে নিযুক্ত বাংলাদেশের সাবেক সামরিক অ্যাটাশে মেজর জেনারেল (অব.) শহীদুল হক ডয়চে ভেলেকে বলেন, "রাখাইন যদি আরাকান আর্মির দখলে চলে যায় তাহলে আমাদের জন্য রোহিঙ্গা প্রত্যাবাসন আরও বেশি কঠিন হয়ে যাবে। আমাদের সরকারের এখন উচিত হবে দৃশ্যমান কিছু করা। সীমান্তে আমাদের যে উপস্থিতি আছে, সেটা তাদের বোঝাতে হবে। পাশাপাশি কূটনৈতিক তৎপরতাও চালিয়ে যেতে হবে।"

এদিকে মিয়ানমার থেকে ছোড়া গুলি ও মর্টারশেল দেশের সীমান্তের মধ্যে এসে পড়ছে। শনিবারও টেকনাফ সীমান্তের এপারে নুরুল ইসলামের বসত ঘরে এসে পড়ে ওপার থেকে ছোড়া এলএমজির গুলি। বিকাল সাড়ে ৩টার দিকে টেকনাফের হোয়াইক্যাং ইউনিয়ন ১ নম্বর ওয়ার্ড উলুবনিয়া গ্রামে এ ঘটনা ঘটে। নুরুল ইসলাম ডয়চে ভেলেকে বলেন, "শনিবার সকাল সাড়ে ১০টা থেকে সীমান্তের মিয়ানমারের ওপার থেকে মর্টারশেল ও ভারি অস্ত্রের গুলির শব্দ শোনা যাচ্ছিলো। হঠাৎ ভারি অস্ত্রের একটা গুলির শব্দ খুব কাছ থেকে শুনতে পাই। তখন দেখি আমার বসতঘরে টিনের দরজা ছিদ্র করে একটি গুলি ঢুকে পড়ে। পরে বিজিবির সদস্যরা খবর পেয়ে তারা এসে গুলিটি নিয়ে যায়।"

স্থানীয় ইউপি সদস্য সিরাজুল মোস্তফা লালু ডয়চে ভেলেকে বলেন, "টেকনাফের হোয়াইক্যাং উলুবনিয়া, তুলাতুলি ও কানজরপাড়া সীমান্তের মিয়ানমারের ওপারে সপ্তাহজুড়ে প্রচুর গোলাগুলি চলছে। ভয়ে আমরা বাড়ি ঘরে থাকতে পারছি না এবং চিংড়ি ঘেরেও যেতে পারছি না। এখন আমাদের আতঙ্কের মধ্যে দিন কাটছে। অনেকে পরিবার দূরে আত্মীয়ের বাসায় পাঠিয়ে দিয়েছে।"

সাবেক রাষ্ট্রদূত ও সাবেক সেনাপ্রধান লে. জেনারেল (অব.) হারুন অর রশীদ ডয়চে ভেলেকে বলেন, "আমাদের এখন কূটনৈতিক তৎপরতা বাড়ানো ছাড়া আর কিইবা করার আছে। তবে তাদের গুলি যে আমাদের দেশে পড়ছে, এটা শক্ত প্রতিবাদ জানানো উচিত। পাশাপাশি আমাদের সবচেয়ে বন্ধু দেশ ভারত ও চীন। তারা কিন্তু মিয়ানমার ইস্যুতে আমাদের পক্ষে না। এটাও তাদের বোঝাতে হবে। এখন রাখাইনে যে সংঘাত হচ্ছে, তাতে এক পক্ষ জিতবে,

অন্যপক্ষকে পালাতে হবে। যারা পালাবে, তারা কোথায় যাবে? সেখানেই কিন্তু আমাদের নিরাপত্তার সংকট। অস্ত্র গোলাবারুদ নিয়ে যদি কোন পক্ষ এদেশে চলে আসে তাহলে আমাদের জন্য উদ্বেগের কারণ। পাশাপাশি রোহিঙ্গারাও যাতে আর না আসতে পারে সেটাও দেখতে হবে।”

বিশেষজ্ঞরা বলেছেন, রাখাইনসহ মিয়ানমারের একটি বড় অংশ এরই মধ্যে বিদ্রোহীদের নিয়ন্ত্রণে চলে গেছে। এসব জায়গা পুনর্দখল করতে জাভা সরকার মরিয়া চেষ্টা চালাচ্ছে। এমন বাস্তবতায় যাতে ফের রোহিঙ্গার ঢল বাংলাদেশের দিকে না আসে, সেটা নিশ্চিত করতে সীমান্তে কঠোর নজরদারি বাড়াতে হবে। জানতে চাইলে নিরাপত্তা বিশ্লেষক মেজর জেনারেল (অব.) আবদুর রশিদ ডয়চে ভেলেকে বলেন, “বিভিন্ন ফ্রন্টে বিরোধী সশস্ত্র গ্রুপের তুমুল প্রতিরোধের কারণে জাভা সরকার কঠিন পরিস্থিতির মুখোমুখি। প্রায় ১২ লাখ রোহিঙ্গার বোঝা আমাদেরও কাঁধে। নতুনভাবে যাতে রোহিঙ্গারা বাংলাদেশে ঢুকতে না পারে, এটা নিশ্চিত করতে সীমান্তে নজরদারি বাড়াতে হবে। জাভা সরকার বা বিদ্রোহী যারাই ক্ষমতায় থাকুক, আমাদের ফোকাস হবে রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া নিশ্চিত করা। জাভা সরকার বা বিদ্রোহী, কারও পক্ষে বাংলাদেশ অবস্থান নেয়নি। বাংলাদেশ নিরপেক্ষ ভূমিকায় আছে। এই নিরপেক্ষতা রোহিঙ্গা প্রত্যাবাসনের ক্ষেত্রে জোরালো করার সম্ভাবনা তৈরি করতে পারে।” বিজিবির টেকনাফ ব্যাটেলিয়নের কমান্ডার লে. কর্নেল মহিউদ্দীন আহমেদ ডয়চে ভেলেকে বলেন, “সীমান্তে আমাদের কঠোর নজরদারি রয়েছে।” রোহিঙ্গা অনুপ্রবেশের কোন ঘটনা কী এখন পর্যন্ত ঘটেছে? জবাবে তিনি বলেন, “না, এখন পর্যন্ত কোন রোহিঙ্গা সীমান্ত পেরিয়ে বাংলাদেশে প্রবেশের চেষ্টা করেনি। আমরা সর্বোচ্চ সতর্ক অবস্থায় আছি।”

থাইল্যান্ড থেকে প্রকাশিত মিয়ানমারের সংবাদমাধ্যম ইরাবতীর এক প্রতিবেদনে বলা হয়েছে, রাখাইনে বিপুল সংখ্যক সৈন্য পাঠিয়েছে দেশটির জাভা সরকার। আগামী কয়েক দিনের মধ্যে সেখানে আরাকান আর্মির সঙ্গে ব্যাপক সংঘর্ষের আশঙ্কা করা হচ্ছে। সেনাদের বিরুদ্ধে লড়াই করতে রাখাইনের আরাকান আর্মি ও আরও দুটি সশস্ত্র দল এক হয়ে ব্রাদারহুড অ্যালায়েন্স নামে একটি জোট গঠন করেছে বেশ আগে। এই জোটের যোদ্ধারা গত অক্টোবর থেকে জাভা সেনার ওপর হামলা চালানো শুরু করে। তাদের হামলার তীব্রতায় টিকতে না পেরে জাভা সেনারা একাধিক স্থান থেকে পালিয়ে গেছে। তবে গুরুত্বপূর্ণ এ রাজ্যের দখল নিতে সেখানে ফের সংগঠিত হচ্ছে জাভা বাহিনী।

এই পরিস্থিতিতে বুধবার বিজিবি মহাপরিচালক বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত পরিদর্শন করেন। সীমান্ত পরিস্থিতি পর্যবেক্ষণ করতে তিনি সেখানে যান। পরিদর্শনকালে বিজিবি মহাপরিচালক সীমান্তে দায়িত্বরত সকল পর্যায়ের বিজিবি সদস্যদের সাথে মতবিনিময় করেন। এসময় তিনি সবাইকে সর্বোচ্চ পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের পাশাপাশি সীমান্তে উদ্ভূত যে কোনো পরিস্থিতি মোকাবিলায় সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশনা দেন তিনি।

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৮.১.২৪ রিহাব)

রেডিও টুডে

বিএনপি সব সময় জনগণের মেম্বেরের পরিবর্তে অন্য শক্তির সহায়তায় ক্ষমতায় যেতে চায় : প্রধানমন্ত্রী
প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপির সব সময় জনগণের মেম্বেরের পরিবর্তে অন্য শক্তির সহায়তায় ক্ষমতায় যেতে চায়। তিনি বলেন যখনই নির্বাচনের সময় আসে তখনই তারা অন্য কোন শক্তির সন্ধান করে যারা তাদের ক্ষমতায় বসাতে পারে। যুক্তরাজ্যের বাংলাদেশ বিষয়ক সর্বদলীয় সংসদীয় দলের ভাইস চেয়ারম্যান ও ইন্দো ব্রিটিশ বিষয়ক এপিপিজির চেয়ার বীরেন্দ্র শর্মা এমপির নেতৃত্বে যুক্তরাজ্যের ক্রস পার্টি পার্লামেন্টের এই প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। সাক্ষাতের শুরুতে পঞ্চম বারের মতো প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান পল স্কাল্লি। প্রধানমন্ত্রী ক্রস পার্টির প্রতিনিধি দলকে বাংলাদেশে স্বাগত জানান এবং বাংলাদেশের সার্বিক উন্নয়নে তার সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ তাদের অবহিত করেন। ব্রিটিশ ক্রস পার্টির প্রতিনিধি দলটি শেখ হাসিনার নেয়া নানা উদ্যোগের প্রশংসা করেন এবং বাংলাদেশের অগ্রযাত্রায় তাদের সহযোগিতা অব্যাহত থাকবে বলে জানান তারা।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

সরকারের পতন না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে : মঈন খান

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডক্টর আব্দুল মঈন খান বলেছেন সরকারের পতন না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। তবে তা হবে শান্তিপূর্ণ। রোববার জাতীয় প্রেসক্লাবে এক আলোচনায় তিনি বলেন দেশে গণতন্ত্রকে হত্যার চেয়ে বড় শোক কিছু হতে পারে না। গণতন্ত্র উদ্ধারে বিএনপির শান্তিপূর্ণভাবে আন্দোলন চলতে থাকবে। নিজ দলের নেতাকর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন ৭ জানুয়ারি প্রত্যাশা অনুযায়ী কিছু করতে না পারলেও হতাশ হবার কিছু নেই। সরকারের পতন না হওয়া পর্যন্ত শান্তিপূর্ণ আন্দোলন চলবে। বন্দুক-বুলেট দিয়ে গণতন্ত্রকামী মানুষকে সরকার কখনো কাবু করতে পারবে না বলেও জানান তিনি। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

মিয়ানমারের অভ্যন্তরীণ পরিস্থিতি কোন সময় ভালো ছিল না : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ বলেছেন মিয়ানমারের অভ্যন্তরীণ পরিস্থিতি কোন সময় ভালো ছিল না। কখনো একটু ভালো হয় আবার কখনো একটু খারাপ হয়। এই পরিস্থিতি সব সময় বিরাজমান। আমরা আশা করি এই পরিস্থিতি সব সময় থাকবে না। আমরা অতি দ্রুত রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু করতে পারব। রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ে পৃথকভাবে তিন রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

সরকার মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে মামলা করেনি বলে যে বক্তব্য দিচ্ছে তা সত্য নয় : ড. ইউনূস

সরকার অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে মামলা করেনি বলে যে বক্তব্য দিচ্ছে তা সত্য নয় বলে মন্তব্য করেছেন নোবেল বিজয়ী এই অর্থনীতিবিদ। রোববার সকালে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে কলকারখানা প্রতিষ্ঠান ও পরিদর্শন অধিদপ্তরের করা মামলায় আপিল এবং জামিনের জন্য আদালতে সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

বাংলা একাডেমি পুরস্কার ফেরত দিয়েছেন কথাসাহিত্যিক জাকির তালুকদার

বাংলা একাডেমির গণতন্ত্রহীনতা ও লেখকদের নিয়ে তামাশার অভিযোগ এনে বাংলা একাডেমি পুরস্কার ফেরত দিয়েছেন কথাসাহিত্যিক জাকির তালুকদার। কথাসাহিত্যে অবদানের জন্য ২০১৪ সালে তিনি এই পুরস্কার পেয়েছিলেন। আজ রোববার তিনি ওই পুরস্কারের অর্থ ও সম্মাননা স্মারক কুরিয়ারের মাধ্যমে বাংলা একাডেমিতে ফেরত পাঠিয়েছেন। জাকির তালুকদার নিজেই সংবাদমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন। বাংলা একাডেমি তার মান ধরে রাখতে পারেনি অভিযোগ এ কথাসাহিত্যিকের। জাকির তালুকদার আজ দুপুরে সংবাদ মাধ্যমকে বলেন বাংলা একাডেমির গণতন্ত্রহীনতা, আমলাতান্ত্রিকতা ২৫ বছর ধরে কার্যনির্বাহী পরিষদে নির্বাচন না করে ইচ্ছেমতো নিজেদের পছন্দ মতো লোক দিয়ে একাডেমি পরিচালনার জন্য বাংলা একাডেমি সচেতন মানুষের কাছে নিজের গ্রহণযোগ্যতা হারিয়েছে। জাকির তালুকদার আরো বলেন প্রতিষ্ঠানের গুরুত্ব কমে গেলে পুরস্কারের গুরুত্ব থাকে না। এইজন্য এই পুরস্কার এখন আমার কাছে অর্থহীন বোঝা বলে মনে হচ্ছে। বাংলা একাডেমি নিজের মান ধরে রাখতে পারেনি এটা দুঃখজনক। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

রওশন এরশাদের বহিষ্কারাদেশ আমলেই নিচ্ছেন না মুজিবুল হক চুন্মু

রওশন এরশাদের বহিষ্কারাদেশ আমলেই নিচ্ছেন না মুজিবুল হক চুন্মু। সোমবার বনানীর জাতীয় পার্টির চেয়ারম্যানের কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে চুন্মু বলেন নির্বাচন কমিশনের নিয়ম অনুযায়ী জিএম কাদের চেয়ারম্যান আমি মহাসচিব। দলের প্রধান পৃষ্ঠপোষক কাউকে অব্যাহতি দিতে পারেন না। চুন্মু বলেন এর আগেও এমন ঘোষণা দিয়েছেন রওশন এরশাদ। এমন ঘোষণা অগঠনতান্ত্রিক তাই রওশনের ঘোষণার কোন ভিত্তি নেই।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

অবৈধ মজুমদারদের শুধু জরিমানা করেই ছাড় দেয়া হবে না : খাদ্য মন্ত্রী

অবৈধ মজুমদারদের শুধু জরিমানা করেই ছাড় দেয়া হবে না, না শোধরালে জেলে যেতে হবে বলে সতর্ক করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। আজ রোববার সকালে নওগাঁ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলার কর্মকর্তাবৃন্দ এবং জনপ্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

ডিজিটাল নিরাপত্তা আইনের দুই মামলার একটিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীকে অব্যাহতি

ডিজিটাল নিরাপত্তা আইনে দায়ের করা দুই মামলার একটিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী খাদিজাতুল কোবরাকে অব্যাহতি দিয়েছেন আদালত। অপর মামলায় তার বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি আগামী ২৯ ফেব্রুয়ারি দিন রাখা হয়েছে। রোববার ঢাকার সাইবার ট্রাইবুনালের বিচারক এ এম জুলফিকার হায়াত এদিন ধার্য করেন।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

নিজেই জাতীয় পার্টির চেয়ারম্যান হলেন রওশন এরশাদ

জাতীয় পার্টি থেকে জিএম কাদের ও মুজিবুল হক চুন্মু কে অব্যাহতি দিয়ে নিজেই চেয়ারম্যানের দায়িত্ব নিয়েছেন দলটির প্রধান পৃষ্ঠপোষক রওশন এরশাদ। সেইসঙ্গে পরবর্তী কাউন্সিল পর্যন্ত জাপার মহাসচিব থাকবেন কাজী মামুনুর রশিদ। রোববার গুলশানে নিজ বাসভবনে জিএম কাদের বিরোধী নেতাকর্মীদের নিয়ে এক সভায় এই সিদ্ধান্তের কথা জানান রওশন এরশাদ। এতে দলের গঠনতন্ত্রের ২(১) ধারায় না ক্ষমতা বলে দলের চেয়ারম্যান ও মহাসচিবকে অব্যাহতি দিয়েছেন রওশন এরশাদ। তিনি বলেন নেতা কর্মীদের অনুরোধে আমি পার্টির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করলাম। আর পরবর্তী সম্মেলন না হওয়া পর্যন্ত কাজী মামুনুর রশিদকে মহাসচিব ঘোষণা করছি।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৪ আসাদ)

নির্বাচনের সময় আমাদের পাশে দাঁড়িয়েছে ভারত : ওবায়দুল কাদের

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সকল সংশয় ও অবিশ্বাসের দেয়াল ভেঙ্গে দিয়েছেন বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। রোববার সচিবালয়ে নিজ দপ্তরে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাই কমিশনার প্রণয় কুমার ভার্মার সঙ্গে বৈঠক কালে তিনি কথা বলেন। ওবায়দুল কাদের বলেন সার্বিক পরিস্থিতিতে ভারত আমাদের সঙ্গে প্রতিবেশী সুলভ আচরণ করেছে। বিএনপি যখন কোন রাষ্ট্রের সঙ্গে মিলে নির্বাচন ভঙ্গুল করতে চেয়েছিল তখন ভারত আমাদের পাশে দাঁড়িয়েছে। এ সময় দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ে ওবায়দুল কাদের বলেন নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে নিয়ে আসা একটি চ্যালেঞ্জ। এ নিয়ে বর্তমান সরকারের প্রথম মন্ত্রিসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্দেশনা দিয়েছেন।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৪ আসাদ)

দেশে আবারো বাকশাল কায়েমের চেষ্টা চলছে : ফারুক

দেশে আবারো বাকশাল কায়েমের চেষ্টা চলছে দাবি করে বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য জয়নুল আবদীন ফারুক বলেছেন তারা এটা হতে দেবেন না। সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে জাতীয়তাবাদী ওলামা দলের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন বিশ্বের কোন গণতান্ত্রিক আমি দেশ ডামি নির্বাচনকে গ্রহণ করেনি। বাংলাদেশের মানুষ নির্বাচনকে প্রত্যাখ্যান করেছে। নতুন নির্বাচনের দাবি জানিয়ে বিএনপির সিনিয়র এই নেতা দলের সব নেতার মুক্তির দাবি করেন। সেই সঙ্গে বিএনপি আগামী মঙ্গলবার সারাদেশে কালো পতাকা মিছিল করবে বলেও জানান তিনি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৪ আসাদ)

বর্তমান পরিস্থিতি রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য সহায়ক নয় : গোয়েন লুইস

মিয়ানমারে রোহিঙ্গা প্রত্যাবাসন অগ্রাধিকার হলেও সেটার জন্য চলমান পরিবেশ সহায়ক নয় বলে জানিয়েছেন জাতিসংঘের আবাসিক প্রতিনিধি গোয়েন লুইস। রোববার পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ এর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। জাতিসংঘের আবাসিক প্রতিনিধি বলেন মিয়ানমারের রোহিঙ্গা প্রত্যাবাসনই অগ্রাধিকার পাবে তবে চলমান পরিস্থিতি প্রত্যাবাসনের জন্য সহায়ক পরিবেশ নয়। বাংলাদেশ মিয়ানমার সীমান্তে রোহিঙ্গা অনুপ্রবেশের কোন ঘটনা ঘটছে না বলেও জানান গোয়েন লুইস।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৪ আসাদ)

স্থায়ী জামিন পেলেন ড. মুহাম্মদ ইউনুস

শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের করা মামলার রায় চ্যালেঞ্জ করে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান ও নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনুসসহ চারজনের আপিল শুনানির জন্য গ্রহণ করেছেন শ্রম আপিল ট্রাইব্যুনাল। একই সঙ্গে আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত চারজনকে জামিন দিয়েছেন বিচারপতি এম এ আওয়াল।

ড. ইউনুসের আইনজীবী আবদুল্লাহ আল-মামুন এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, আগামী ৩ মার্চ পরবর্তী শুনানির দিন ধার্য রয়েছে। মামলায় ঢাকার তৃতীয় শ্রম আদালতের দেওয়া সাজার রায় চ্যালেঞ্জ করে ড. ইউনুসসহ চারজন আজ রোববার সকালে শ্রম আপিল ট্রাইব্যুনালে আপিল করেন। তাঁরা একই সঙ্গে জামিন চেয়ে আবেদন করেন। পরে শ্রম আপিল ট্রাইব্যুনাল এই আপিল শুনানির জন্য গ্রহণ করেন এবং চারজনকে জামিন দেন। এর আগে ড. ইউনুসসহ চার বিবাদী সকাল ১০টা ৪৫ মিনিটের দিকে শ্রম আপিল ট্রাইব্যুনালে আসেন। মামলায় ১ জানুয়ারি ড. ইউনুসসহ চারজনকে ছয় মাস করে কারাদণ্ড দেন ঢাকার তৃতীয় শ্রম আদালত। একই সঙ্গে প্রত্যেককে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। সাজাপ্রাপ্ত অপর তিনজন হলেন- গ্রামীণ টেলিকমের সাবেক ব্যবস্থাপনা পরিচালক আশরাফুল হাসান, পরিচালক নূর জাহান বেগম ও মো. শাহজাহান। রায় ঘোষণার পর উচ্চ আদালতে আপিল করার শর্তে ড. ইউনুসসহ চারজনকে এক মাসের অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছিলেন ঢাকার তৃতীয় শ্রম আদালত।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৪ আসাদ)

লালমনিরহাটের পাটগ্রাম সীমান্তে বিএসএফের গুলিতে এক বাংলাদেশি নিহত

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার আঙ্গরপোতা সীমান্তে বিএসএফের গুলিতে রফিউল ইসলাম নামের এক বাংলাদেশি নিহত হয়েছেন। রোববার ভোরে সীমান্তের এক নম্বর মেইন পিলারের কাছে এই ঘটনা ঘটে। নিহত রফিউলের লাশ কোচবিহারের মেখলিগঞ্জ থানা পুলিশের হেফাজতের রয়েছে জানা গেছে। রফিউল ইসলাম টুকলু পাড় বাজার এলাকার ডাঙ্গাপাড়া গ্রামের আফজাল হোসেনের ছেলে। ধারণা করা হচ্ছে চোরাকারবারি করতে সীমান্তের ওপারে গিয়েছিলেন তিনি। দহগ্রাম ইউনিয়নের চেয়ারম্যান হাবিবুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান সীমান্তের কাছাকাছি বাড়ি হওয়ায় হয়তো তিনি চিনি পারাপারে যুক্ত ছিলেন। আইনি প্রক্রিয়া শেষে মরদেহ ফিরিয়ে আনার প্রক্রিয়া চলছে।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৪ আসাদ)

শীঘ্রই রোহিঙ্গা প্রত্যাগমন শুরু করতে চায় চীন : ইয়াও ওয়েন

রাখাইনে অস্ত্রবিরতি হলেই চীন রোহিঙ্গা প্রত্যাগমন শুরু করতে চায় বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। সকালে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছন মাহমুদ এর সঙ্গে বৈঠক শেষে এ কথা জানান তিনি। তিনি বলেন এই মুহূর্তে সংকট থাকলেও আমাদের আত্মবিশ্বাস থাকতে হবে যে চীন, বাংলাদেশ ও মিয়ানমারের ত্রিপক্ষীয় সমঝোতার প্রত্যাগমন শুরু হবে। মিয়ানমার এরই মধ্যে চীনের মধ্যস্থতায় দেশটির তিনটি স্থানে অস্ত্র বিরতিতে রাজি হয়েছে। তিনি আরো বলেন বড় ধরনের রিজার্ভ সংকট সমাধানে অগ্রাধিকার ভিত্তিতে ঢাকার পাশে থাকবে বেইজিং। এছাড়া বাংলাদেশকে বৈশ্বিক অস্থিরতার কথা ও মাথায় রাখতে হবে। এর আগে সকাল সাড়ে দশটার দিকে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছন মাহমুদ এর সঙ্গে বৈঠক করতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে আসেন রাষ্ট্রদূত। জানা গেছে বর্তমান পরিস্থিতির প্রেক্ষাপটে রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনার পাশাপাশি বাংলাদেশের সার্বিক উন্নয়নে অব্যাহত সহযোগিতা নিয়ে আলোচনা হয়। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৪ আসাদ)

শিশু আয়ানের মৃত্যুর বিষয়ে হাইকোর্টে প্রতিবেদন দাখিল করেছে স্বাস্থ্য অধিদপ্তর

সুনতে খতনা করাতে গিয়ে রাজধানীর বাডডায় ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতালে শিশু আয়ান আহমেদের মৃত্যুর ঘটনায় ১৫ পৃষ্ঠার তদন্ত প্রতিবেদন হাইকোর্টে দাখিল করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের পক্ষে উপ-পরিচালক ডাক্তার পরিমল কুমার পাল এই প্রতিবেদন জমা দিয়েছেন। প্রতিবেদনে বলা হয় আয়ান চাইল্ডহুড এজমা সমস্যায় ভুগছিল। শ্বাসকষ্টের জন্য আয়ান কে মাঝে মাঝে নেবুলাইজার ও ইনহেলার দেওয়া লাগতো। সুনতে খতনার অপারেশনের আগে ওয়েটিং রুমে তাকে নেবুলাইজার ও ইনহেলার দেয়া হয়েছিল। এই বিষয়টি চিকিৎসকদের জানানো হয়নি। সুনতে খতনা করাতে গিয়ে শিশু আয়ানের মতো আর যেন কারো মৃত্যু না হয় সেজন্য চার দফা সুপারিশ করেছে চার সদস্যের তদন্ত কমিটি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৪ আসাদ)

আজ দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে পঞ্চগড়ের তেতুলিয়ায় ৫ ডিগ্রি সেলসিয়াস

মাঝারি থেকে ঘন কুয়াশার চাদর ভেদ করে সূর্য উকি দিলেও দেশের বেশ কিছু জেলার উপর দিয়ে বয়ে চলেছে মৃদু থেকে মাঝারি ধরনের শৈত্য প্রবাহ। অবশেষে সুখবর দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। দেশের বেশ কিছু জেলার উপর দিয়ে বয়ে যাওয়া শৈত্য প্রবাহ কিছু কিছু জায়গা থেকে প্রশমিত হতে পারে। রোববার সকাল ৯ টায় দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে উত্তরের সীমান্ত ঘেসা জেলা পঞ্চগড়ের তেতুলিয়ায় ৫ ডিগ্রি সেলসিয়াস। একই সময়ে রাজধানীঢাকার সর্বনিম্ন তাপমাত্রা ১২.৭ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। সবশেষ ২৪ ঘণ্টায় দেশের কোথাও বৃষ্টিপাত রেকর্ড করা হয়নি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০১.২০২৪ আসাদ)

স্বতন্ত্র সংসদ সদস্যদের দুর্নীতিকে প্রশ্রয় না দেওয়া আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

স্বতন্ত্র সংসদ সদস্যদের দুর্নীতিকে প্রশ্রয় না দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পাশাপাশি জাতীয় সংসদের প্র্যাকটিস ভালোভাবে জানার জন্য নিদলীয় ৬২ সংসদ সদস্যকে পরামর্শ দেন তিনি। নতুন সংসদ সদস্যদের নতুন সংসদের প্রথম অধিবেশন বসছে আগামী মঙ্গলবার। তার আগে রোববার সন্ধ্যায় গণভবনে স্বতন্ত্র এমপিদের সঙ্গে বৈঠকের প্রারম্ভিক বক্তব্যে তিনি এসব আহ্বান জানান। জাতীয় সংসদের চিফ হুইপ নূরে আলম চৌধুরী লিটন বৈঠক সঞ্চালনা করেন। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

শিশু আয়ানের মৃত্যুর ঘটনায় মামলা তুলে নিতে তার বাবাকে হত্যার হুমকি দেওয়া হয়েছে

শিশু আয়ানের মৃত্যুর ঘটনায় করা মামলা তুলে নিতে তার বাবাকে হত্যার হুমকি দেওয়া হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। রোববার শাহবাগ থানায় এই ঘটনায় হাসপাতালটির দুই চিকিৎসকসহ অজ্ঞাতদের বিরুদ্ধে জিডি করেছেন শিশুটির বাবা শামীম আহমেদ। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

স্বাস্থ্য খাতে আস্থা ফিরিয়ে আনতে সর্বোচ্চ চেষ্টা করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী ডাক্তার সামন্ত লাল সেন বলেছেন স্বাস্থ্য খাতে আস্থাহীনতা রয়েছে বলেই মানুষ ভারত সিঙ্গাপুরে চিকিৎসা নিতে যাচ্ছে। তিনি বলেন গ্রামের মানুষ ঢাকা আসছে এই খাতে আস্থা ফিরিয়ে আনতে সর্বোচ্চ চেষ্টা করা হবে। রোববার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এই মন্তব্য করেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন অবৈধ ক্লিনিক ও হাসপাতালের কার্যক্রম কোনভাবেই চলতে পারে না। এসব ক্লিনিক ও হাসপাতালের তালিকা করা হচ্ছে দ্রুতই তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

জিএম কাদেরকে জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা হিসেবে স্বীকৃতি জাতীয় সংসদ সচিবালয়ের

জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদেরকে জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা হিসেবে স্বীকৃতি দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে জাতীয় সংসদ সচিবালয়। জাতীয় সংসদের স্পিকার শিরিন শারমিন চৌধুরী জাতীয় সংসদের কার্যপ্রণালী বিধি অনুযায়ী এই স্বীকৃতি দিয়েছেন। এ বিষয়ে আজ রোববার প্রজ্ঞাপন জারি করে জাতীয় সংসদ সচিব। এছাড়া জাতীয়

পার্টির কো-চেয়ারম্যান ও চট্টগ্রাম ৫ আসনের সংসদ সদস্য আনিসুল ইসলাম মাহমুদকে বিরোধী দলের উপনেতার স্বীকৃতি দেওয়া হয়েছে। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ২৮.০১.২০২৪ রুবাইয়া)

জাগো এফএম

জনগণের প্রতিনিধি হিসেবে নতুন এমপিদের কাজ করতে হবে : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, 'গত ৭ জানুয়ারি অবাধ, নিরপেক্ষ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। প্রজাতন্ত্রের সব ক্ষমতার মালিক জনগণ। জনগণের প্রতিনিধি হিসেবে তাদের প্রত্যাশা পূরণে, তাদের কল্যাণ নিশ্চিত করতে নব-নির্বাচিত সংসদ সদস্যদের কাজ করতে হবে। পাঁচ বছর পূর্ণ হলে কৃতকর্ম নিয়েই জনগণের কাছে তাদের ফিরে যেতে হবে। জনগণের ভোটে নির্বাচিত হওয়ার মাধ্যমেই সংসদ সদস্যরা কাজ করার সুযোগ পান।' আজ রোববার সংসদ ভবনের শপথ কক্ষে দ্বাদশ জাতীয় সংসদে নব-নির্বাচিত সংসদ সদস্যদের অংশগ্রহণে ওরিয়েন্টেশন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এ কথা বলেন স্পিকার। এসময় স্পিকার কর্মসূচির উদ্বোধন করেন। স্পিকার বলেন, 'নয় মাস রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে অর্জিত আমাদের স্বাধীন ভূখণ্ড। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের দিয়ে গেছেন লাল সবুজের পতাকা ও অনন্য একটি সংবিধান। তার সুদীর্ঘ চব্বিশ বছরের সংগ্রাম, জেল-জুলুম, অত্যাচার সহ্য করার বিনিময়ে বাংলাদেশের জন্ম। ১৬ ডিসেম্বর ১৯৭১ আমাদের বিজয় অর্জিত হলেও বঙ্গবন্ধু পাকিস্তান কারাগার থেকে মুক্ত হয়ে ১০ জানুয়ারি স্বাধীন সোনার বাংলায় ফিরে আসেন। সংসদ ভবন একটি অনন্য স্থাপত্য শিল্প। অনেক রক্তের বিনিময়ে আমাদের শাসনতন্ত্র। এই শাসনতন্ত্র শহীদের রক্তে ভেজা। সংবিধানই সর্বোচ্চ আইন। এর আলোকেই রাষ্ট্র পরিচালিত হয়। সংসদ সংবিধানের চারটি মূলনীতি, জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। আমাদের দেশে সংসদীয় গণতন্ত্র প্রচলিত। আমাদের জাতীয় সংসদ এক কক্ষবিশিষ্ট। নির্বাহী বিভাগ ও সরকারের জবাবদিহিতা নিশ্চিত করা আইনসভার সদস্যদের অন্যতম কাজ।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

সরকার নয় ক্ষতিগ্রস্ত শ্রমিকরা নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে মামলা করেছেন : সেতুমন্ত্রী

সরকার নয় ক্ষতিগ্রস্ত শ্রমিকরা নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে মামলা করেছেন দাবি করে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, 'গরিব মানুষের টাকা আত্মসাৎ করবেন, আবার এখানে মামলা করলে দোষ।' আজ রোববার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এ কথা বলেন। এর আগে সেতুমন্ত্রীর সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা সৌজন্য সাক্ষাৎ করেন। চলমান মামলাটি শ্রমিকরা নয় সরকার করেছে বলে আজ দাবি করেছেন ড. ইউনূস। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে ওবায়দুল কাদের বলেন, 'যে শ্রমিকদের টাকা উনি দেননি, যে শ্রমিকদের উনি বঞ্চিত করেছেন, যারা ক্ষতিগ্রস্ত, যারা বঞ্চিত তারাই তো মামলা করেছে। এটা সবাই জানে। সরকারকে কেন দায়ী করছে?' তিনি আরো বলেন, 'গরিব মানুষের টাকা আত্মসাৎ করবেন, আবার এখানে মামলা করলে দোষ কিসের? মামলা তো করবে, যারা উপেক্ষিত হয়েছে, যারা ক্ষতিগ্রস্ত হয়েছে, তারাই মামলা করবে, তারাই মামলা করেছে।' মামলা শ্রমিকরা করেনি, মামলা করেছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদফতর, এ বিষয়ে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, 'মামলাটা শ্রমিকদেরই। সরকার কোনো মামলা করেনি।'

(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

ইউএস-ইইউ-ইউকে সবার সঙ্গে আমাদের সম্পর্ক চমৎকার : পররাষ্ট্রমন্ত্রী

ভারত-চীন-রাশিয়া এবং যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়ন ও যুক্তরাজ্যসহ সব দেশের সঙ্গে বাংলাদেশের বর্তমান সরকারের চমৎকার সম্পর্ক বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেছেন, 'আমাদের সরকার বাংলাদেশের জনগণের ভোটে নির্বাচিত সরকার এবং এই সরকার জনগণের সরকার।' আজ রোববার দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে মন্ত্রীর সঙ্গে চীন ও নেপালের রাষ্ট্রদূত এবং বাংলাদেশে জাতিসংঘের আবাসিক সমন্বয়কের সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে তিনি এসব কথা বলেন। সাক্ষাৎকালে চীন ও নেপাল উভয় দেশের রাষ্ট্রদূত তাদের নিজ নিজ পররাষ্ট্রমন্ত্রীর অভিনন্দনপত্র বাংলাদেশের নতুন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের হাতে তুলে দেন। চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের সাক্ষাৎ প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'চীন আমাদের গুরুত্বপূর্ণ উন্নয়ন সহযোগী। চীন থেকে আমরা বেশি আমদানি করি, কম রফতানি করি। আমাদের রফতানি বৃদ্ধির আলোচনায় চীন বাংলাদেশ থেকে পাট, চামড়া, মাংস, সি-ফুড, মাছ এবং আম আমদানিতে আগ্রহ ব্যক্ত করেছে। জুলাই বা আগস্ট মাসে আমরা আম রফতানি শুরু করতে পারি। চীন একটি বড় বাজার। সেখানে আমাদের পণ্যের শক্তিমুক্ত প্রবেশাধিকার নিয়ে আলোচনা করেছি।' বৈঠকে রোহিঙ্গা প্রত্যাশাসন নিয়ে আলোচনা হয়েছে জানিয়ে তিনি বলেন, 'মানবতার মা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাস্তুচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছিলেন। আমাদের জনগণও তাদের দুয়ার উন্মুক্ত করে দিয়েছিল। কিন্তু এখন কক্সবাজারে স্থানীয়রাই সংখ্যালঘু, রোহিঙ্গার সংখ্যা বেশি।' মন্ত্রী বলেন, কক্সবাজারে এখন

নিরাপত্তা, মাদকসহ নানা সমস্যা সৃষ্টি হচ্ছে। আমরা বলেছি রোহিঙ্গাদের পূর্ণ অধিকারসহ নিজ দেশ মিয়ানমারে প্রত্যাশনই একমাত্র সমাধান। চীন এ বিষয়ে কাজ করেছে এবং প্রত্যাশন যেন শুরু হয় সে লক্ষ্যে কাজ করতে একমত হয়েছে। মিয়ানমারের অভ্যন্তরীণ বৈরী পরিবেশ নিয়েও আলোচনা হয়েছে।'

(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

অবৈধ মজুদদাররা না শোধরালে জেলে যেতে হবে : খাদ্যমন্ত্রী

অবৈধ মজুদদারদের শুধু জরিমানা করেই ছাড় দেওয়া হবে না। তারা না শোধরালে জেলে যেতে হবে বলে সতর্ক করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। আজ রোববার সকালে নওগাঁ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জনপ্রতিনিধি এবং জেলার বিভিন্ন দফতরের কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। দেশের মানুষের সামাজিক অবস্থার পরিবর্তন হয়েছে উল্লেখ করে খাদ্যমন্ত্রী বলেন, 'দেশে খাদ্যশস্যের কোনো ঘাটতি নেই। সাধারণ মানুষের জন্য আমাদের সরকারিভাবে ওএমএস চালু আছে। ডিজিটাল কার্ড প্রস্তুত হয়েছে। শীঘ্রই ডিজিটাল কার্ডের মাধ্যমে ওএমএস বিতরণ করা হবে। এতে এক ব্যক্তি বারবার চাল নিতে পারবে না। চালের দাম সহনীয় পর্যায়ে আনতে হলে ব্যবসায়ীদের অধিক লাভের মনোভাব পরিবর্তন করতে হবে।' চালের দাম বৃদ্ধির পেছনে মিলার, পাইকারি ও খুচরা ব্যবসায়ী, কর্পোরেট সবার দায় আছে বলেও উল্লেখ করেন খাদ্যমন্ত্রী। সাধন চন্দ্র মজুমদার বলেন, 'ফুড গ্রেন লাইসেন্স স্পটে গিয়ে দেওয়ার জন্য কর্মকর্তাদের বলা হয়েছে। অনেকে আবার ইউনিয়ন পরিষদ থেকে একটা লাইসেন্স নিয়ে কোটি কোটি টাকার পণ্য মজুদ করে ফেলে। এটা তো হতে পারে না।'

(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

শিশু আয়ানের মৃত্যুর ঘটনায় ব্যবস্থা নিতে হাইকোর্টের রায়ের জন্য অপেক্ষা করছেন স্বাস্থ্যমন্ত্রী

শিশু আয়ান আহমেদের মৃত্যুর ঘটনায় ব্যবস্থা নিতে হাইকোর্টের রায়ের জন্য অপেক্ষা করছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। সূত্রতে খতনা করতে গিয়ে রাজধানীর বাড্ডার ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতালে মারা যায় আয়ান। আজ রোববার সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ব্রিফিংয়ে মন্ত্রী এ কথা জানান। আয়ান আহমেদের মৃত্যুর তদন্ত রিপোর্টের বিষয়ে সাংবাদিকরা প্রশ্ন করলে স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'তদন্ত রিপোর্ট পেয়েছি। তদন্ত রিপোর্ট হাইকোর্টে জমা দেওয়া হয়েছে। আজ এটি নিয়ে শুনানি আছে। যেহেতু বিষয়টি আদালতে রয়েছে তাই এ নিয়ে আমার মন্তব্য করা ঠিক হবে না। তাহলে আদালত অবমাননা হয়ে যাবে।' ব্যবস্থা নেওয়ার প্রসঙ্গে মন্ত্রী বলেন, 'যে তদন্ত রিপোর্ট হয়েছে এবং হাইকোর্ট থেকে কী রায় দেয়, সেটা আমরা দেখি আগে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

করোনার নতুন ভ্যারিয়েন্টে চলমান টিকাই কার্যকরী : স্বাস্থ্য ডিজি

করোনা ভাইরাস সংক্রমণের বিরুদ্ধে দেশে চলমান ভ্যাকসিনই কার্যকরী বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম। তিনি বলেন, 'করোনার নতুন ভ্যারিয়েন্ট খুব দ্রুত ছড়ায়। তবে এনিয় এতো আশঙ্কার কিছু নেই।' আজ রোববার সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ে সভাকক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। করোনার নতুন ধরনের বিষয়ে সরকারের পরিকল্পনা জানতে চাইলে স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক বলেন, 'করোনার নতুন ভ্যারিয়েন্ট খুব দ্রুত ছড়ায়। কিন্তু এতে প্রাণহানির শঙ্কা কম। এই ভ্যারিয়েন্টের এগেনেস্টে আমাদের যে ভ্যাকসিন আছে সেটা কার্যকরী এবং এটা দেওয়ার পদক্ষেপ নিয়েছি।'

(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেডের রশিদপুর ২ নং কুপে ১০,৬৭০ কোটি টাকা মূল্যের গ্যাস স্তরের সন্ধান

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেডের রশিদপুর দুই নম্বর কুপে ১০ হাজার ৬৭০ কোটি টাকা মূল্যের গ্যাস স্তরের সন্ধান পাওয়া গেছে। আজ রোববার বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে। মন্ত্রণালয় জানায়, কুপে ওয়ার্কওভারের মাধ্যমে আপার স্যাভ টপ জোনে টেস্টিং করে গ্যাস স্তরের সন্ধান পাওয়া যায়। এখান থেকে আগামী ১০ দিনের মধ্যে দৈনিক ৮০ লাখ ঘনফুট হারে গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহ করা সম্ভব হবে। গ্যাসের বর্তমান গড় মূল্য বিবেচনায় এ স্তরে উত্তোলনযোগ্য ১৫৭ বিলিয়ন ঘনফুট গ্যাসের মূল্য ১০ হাজার ৬৭০ কোটি টাকা। এর আগে সিলেটের হরিপুর এলাকায় ১০ নম্বর কুপ থেকে চার স্তরের তেল গ্যাস পাওয়ার বিষয়টি নিশ্চিত করেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। চার স্তরের মধ্যে একটি স্তরে সম্পূর্ণ তেলের খনি রয়েছে বলে জানান তিনি। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দেবেন রাষ্ট্রপতি

দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসবে আগামী ৩০ জানুয়ারি। ওইদিন বিকেল ৩টায় অধিবেশন শুরু হবে। এজন্য সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছে সংসদ সচিবালয়। প্রথম অধিবেশনে ভাষণ প্রদান করবেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। সংসদের চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী এসব তথ্য জানিয়েছেন। তিনি জানান, 'অধিবেশন কক্ষে সংসদ সদস্যদের বসার আসন বিন্যাসের খসড়া স্পিকারের টেবিলে জমা দেওয়া হয়েছে। আগামীকাল ২৯ জানুয়ারির মধ্যে

এটি চূড়ান্ত করা হবে।' অধিবেশনের প্রথম দিন নতুন সংসদ সদস্যদের উদ্দেশে সংসদে ভাষণ দেবেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। পরে রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাব উত্থাপন করা হবে। প্রস্তাবের ওপর সাধারণ আলোচনায় অংশ নেবেন সংসদ সদস্যরা। এ বিষয়ে চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী জানান, ৩০ জানুয়ারি থেকে দ্বাদশ সংসদের মেয়াদ শুরু হচ্ছে। এই সংসদের সরকার ও বিরোধী দলের সব সদস্যকে অধিবেশনে উপস্থিত থাকতে আমন্ত্রণ জানানো হয়েছে। ড. শিরীন শারমিনকে পুনর্নির্বাচনের সিদ্ধান্ত নেওয়ায় প্রথম দিন ডেপুটি স্পিকারের সভাপতিত্বে অধিবেশন শুরু হবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসনে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গাদের তাদের মাতৃভূমি মিয়ানমারে প্রত্যাবাসনে ও সেখানে তাদের মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করার ব্যবস্থা নিতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, 'বিশ্বের উচিত রোহিঙ্গা সংকট সমাধানের উপায় বের করা যাতে তারা স্বদেশে ফিরে গিয়ে সেখানে একটি সুন্দর জীবনযাপন করতে পারে।' যুক্তরাজ্যের বাংলাদেশ বিষয়ক সর্বদলীয় সংসদীয় দলের ভাইস চেয়ার ও ইন্দো-ব্রিটিশ বিষয়ক এপিপিজি-এর চেয়ার বীরেন্দ্র শর্মা এমপির নেতৃত্বে যুক্তরাজ্যের ক্রস পার্টির একটি পার্লামেন্টারি প্রতিনিধি দল আজ রোববার প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার মোঃ নজরুল ইসলাম সাংবাদিকদের ব্রিফ করেন। গত ৭ জানুয়ারি বাংলাদেশে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পর এটিই যুক্তরাজ্য সংসদীয় দলের প্রথম সফর। বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, '২০১৭ সালে অমানবিক নির্যাতনের মুখে রোহিঙ্গাদের ব্যাপকভাবে দেশত্যাগের পর বাংলাদেশ তাদের আশ্রয় দিয়েছিল।' প্রধানমন্ত্রী আরো বলেন, মিয়ানমার তাদের নাগরিকদের ফিরিয়ে নিতে সম্মত হলেও ছয় বছর অতিবাহিত হওয়া সত্ত্বেও এই লক্ষ্যে কোনো ব্যবস্থা নেয়নি।' কোভিড-১৯ মহামারি এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের পর থেকে বৈশ্বিক আর্থিক সহায়তা কমে যাওয়ার কথা উল্লেখ করে তিনি বলেন, 'সুতরাং রোহিঙ্গারা এখন বাংলাদেশের মতো একটি ছোট দেশের জন্য বিশাল বোঝা হয়ে উঠছে।'

(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

ক্ষমতায় আসার নিশ্চয়তা না পেয়ে বিএনপি নির্বাচন বর্জন করেছে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'বিএনপি সব সময় জনগণের ম্যান্ডেটের পরিবর্তে অন্য শক্তির সহায়তায় ক্ষমতায় যেতে চায়।' তিনি বলেন, 'যখনই নির্বাচনের সময় আসে, তখনই বিএনপি অন্য কোনো শক্তির সন্ধান করে যারা তাদের ক্ষমতায় বসাতে পারে।' যুক্তরাজ্যের বাংলাদেশ বিষয়ক সর্বদলীয় সংসদীয় দলের ভাইস চেয়ার ও ইন্দো-ব্রিটিশ বিষয়ক এপিপিজি-এর চেয়ার বীরেন্দ্র শর্মার নেতৃত্বে যুক্তরাজ্যের ক্রস পার্টির একটি পার্লামেন্টারি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার মোঃ নজরুল ইসলাম বৈঠকের পর সাংবাদিকদের ব্রিফিং করেন। প্রধানমন্ত্রী বলেন, 'বিএনপি সব সময় যে কোনো উপায়ে ক্ষমতা নিশ্চিত করতে চায়।' গত ৭ জানুয়ারির এবং ২০১৪ সালের সাধারণ নির্বাচনের কথা উল্লেখ করে তিনি বলেন, 'যদি তারা কোনো নিশ্চয়তা না পায় যে কেউ তাদের ক্ষমতায় আনবে, তাহলে তারা নির্বাচন বয়কট করবে।' তিনি বলেন, '২০১৮ সালের নির্বাচন নিয়ে বিএনপি মনোনয়ন বাণিজ্য করেছিল, কিন্তু ক্ষমতায় যাওয়ার নিশ্চয়তা না পাওয়ায় নির্বাচনের দিনে নির্বাচন বয়কট করেছিল।' তিনি বলেন, 'বিএনপি একটি সন্ত্রাসী দল। সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে তারা কখনো ক্ষমতায় আসেনি।' ২০০৮ সালের সাধারণ নির্বাচনের কথা উল্লেখ করে তিনি বলেন, 'নির্বাচনটি ছিল অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক এবং এর সুষ্ঠুতা নিয়ে কেউ কোনো প্রশ্ন তোলেনি। যেখানে বিএনপি নেতৃত্বাধীন জোট পেয়েছিল মাত্র ৩০টি আসন এবং আওয়ামী লীগ পায় এককভাবে ২৩৩টি আসন। প্রধানমন্ত্রী বলেন, 'গত ৭ জানুয়ারির সংসদ নির্বাচনে অংশগ্রহণ না করা তাদের পছন্দ ছিল।' প্রধানমন্ত্রী আরো বলেন, সেনানিবাসে সামরিক স্বৈরশাসকের হাতে বিএনপির জন্ম।'

(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

সমসাময়িক বিষয় নিয়ে চ্যালেঞ্জের মুখে আছি : ওবায়দুল কাদের

দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, ডলার ও রিজার্ভ সংকট, নির্বাচনী ইশতেহার বাস্তবায়নসহ সমসাময়িক বিভিন্ন বিষয় নিয়ে সরকার চ্যালেঞ্জের মুখে আছে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ রোববার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ কথা বলেন। এর আগে মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। ওবায়দুল কাদের বলেন, 'সমসাময়িক বিষয় নিয়ে আমরা চ্যালেঞ্জের মুখে আছি। পাঁচ বছরের জন্য আমাদের যে নির্বাচনী ইশতেহার, সেটা বাস্তবায়নে চ্যালেঞ্জ রয়েছে। আমরা কোটি যুবককে পাঁচ বছরে কর্মসংস্থানের ব্যবস্থা করবো, বছরে ২০ লাখ করে।' তিনি বলেন, 'আমাদের যে চ্যালেঞ্জ তা হলো আমাদের দ্রব্যমূল্যকে নিয়ন্ত্রণ করা। আমাদের ডলার সংকট আছে, রিজার্ভ সংকট আছে, জ্বালানি সংকট আছে। এ সংকটগুলোকে নিয়ন্ত্রণ করা। এগুলোকে মানুষের ক্রয়ক্ষমতা মধ্যে নিয়ে আসা একটা বড় চ্যালেঞ্জ।' সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, 'গত সোমবার প্রথম মন্ত্রিসভা

বৈঠকে মন্ত্রণালয়গুলোকে কর্মপরিকল্পনা হাতে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। সব মন্ত্রণালয় তাদের প্ল্যান-প্রোগ্রাম করছে, বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে নিজেরা সিদ্ধান্ত নিচ্ছে। আমরা কাজে বসে গেছি।’

(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

জনপ্রশাসন মন্ত্রীর সঙ্গে ভারতের হাইকমিশনারের সাক্ষাৎ

জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। আজ রোববার বিকেলে সচিবালয়ে জনপ্রশাসন মন্ত্রীর নিজ দফতরে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় জনপ্রশাসন মন্ত্রী দুইদেশের মধ্যে বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্কের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং আগামী দিনে আরো ঘনিষ্ঠভাবে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন। মন্ত্রী বলেন, 'আওয়ামী লীগ নেতৃত্বাধীন বর্তমান সরকার বাংলাদেশকে উন্নত সমৃদ্ধ রাষ্ট্রে পরিণত করতে রূপকল্প ২০৪১, ডেল্টা প্ল্যান ২১০০ প্রেক্ষিতে পরিকল্পনাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। এই কর্মসূচিগুলোর সফল বাস্তবায়নে আমাদের দক্ষ মানবসম্পদ প্রয়োজন। মানব সম্পদ উন্নয়নে ভারত বিভিন্ন প্রশিক্ষণ ও এক্সচেঞ্জ প্রোগ্রামের মাধ্যমে বাংলাদেশকে সহযোগিতা করে আসছে।' ভবিষ্যতেও তাদের এই সহযোগিতা অব্যাহত থাকবে বলে মন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ ও দেশের অর্থনৈতিক উন্নয়নেও প্রযুক্তিগত সহযোগিতার সুযোগ আছে বলে মন্ত্রী উল্লেখ করেন। মন্ত্রী আরো বলেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে শিল্প ও সংস্কৃতির ক্ষেত্রে অনেক মিল রয়েছে। ফলে এসব ক্ষেত্রেও দুইদেশের আরো ঘনিষ্ঠভাবে কাজ করার সুযোগ রয়েছে।’

(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

সাফারি পার্কে প্রবেশে অনলাইন টিকিটের ব্যবস্থা করা হবে : পরিবেশমন্ত্রী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেছেন, 'জনগণ যাতে ঝামেলা মুক্তভাবে কক্সবাজার ও গাজীপুরে অবস্থিত বঙ্গবন্ধু সাফারি পার্কে প্রবেশ করতে পারে এজন্য অ্যাপের মাধ্যমে অনলাইন টিকিটের ব্যবস্থা করা হবে।' তিনি বলেন, 'সাফারি পার্কের পরিবেশ ও বন্য প্রাণীর ব্যবস্থাপনা আরো উন্নত ও যুগোপযোগী করা হবে।' রোববার পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় সভাপতির বক্তব্যে পরিবেশমন্ত্রী এসব কথা বলেন। পরিবেশমন্ত্রী বলেন, 'প্রকল্পসমূহের বাস্তবায়ন যথাসময়ে এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা অত্যন্ত জরুরি।' সভায় মন্ত্রী প্রকল্পসমূহের বাস্তবায়নে সব স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নিবেদিত প্রাণে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, 'সমস্যা হলে সঙ্গে সঙ্গে জানাতে হবে। সরকারি বরাদ্দ সর্বোত্তমভাবে কাজে লাগাতে হবে। সবার সম্মিলিত প্রচেষ্টায় আমরা পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হবো।' সভায় মন্ত্রণালয়ের সচিব ফারহিনা আহমেদ, অতিরিক্ত সচিব ফাহিমদা খানম, পরিবেশ অধিদফতরের মহাপরিচালক আবদুল হামিদ এবং বন অধিদফতরের প্রধান বন সংরক্ষক আমীর হোসাইন চৌধুরীসহ প্রকল্প পরিচালক ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

দেশে গত ২৪ ঘণ্টায় ৩৫ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত

দেশে গত ২৪ ঘণ্টায় ৩৫ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৬ হাজার ৯৯৮ জনে। এই সময়ে করোনা আক্রান্ত হয়ে কারো মৃত্যু হয়নি। ফলে মোট মৃত্যুর সংখ্যা ২৯ হাজার ৪৮১ জনেই রয়েছে। আজ রোববার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ২১ জন। এ পর্যন্ত সুস্থ হয়েছেন ২০ লাখ ১৪ হাজার ৩৬০ জন। গত ২৪ ঘণ্টায় পরীক্ষা করা হয় ৮৮৫টি নমুনা। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৮ দশমিক শূন্য ৬ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৯ শতাংশ। (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৮.০১.২০২৪ প্রতীক)

BBC

UN IN AID PLEA AFTER STAFF ACCUSED OF ISRAEL ATTACK

UN chief Antonio Guterres has urged countries that halted funding for the UN agency for Palestinian refugees, UNRWA, to continue its operations. "The dire needs of the desperate populations they serve must be met," Mr Guterres said. Eight countries, including the UK, took the action after Israel told the agency some UNRWA staff were involved in the 7 October deadly Hamas attacks on Israel. The agency says it is investigating and has already sacked some employees. The countries that have now suspended funding UNRWA are Australia, Canada, Finland, Germany, Italy, the Netherlands, the UK and the US. (BBC Web Page: 28/01/24, FARUK)

UKRAINE SAYS IT HAS UNCOVERED MAJOR ARMS CORRUPTION

Ukraine's security service says it has uncovered corruption in an arms purchase by the military worth about \$40m. The SBU said five senior people in the defence ministry and at an arms supplier were being investigated. It said the defence officials signed a contract for 1,00,000 mortar shells in August 2022. Payment was made in advance, with some funds transferred abroad, but no arms were ever provided. Corruption has been a major stumbling block in Ukraine's bid to join the European Union. (BBC Web Page: 28/01/24, FARUK)

NORTH KOREA FIRES CRUISE MISSILES OFF EAST COAST

North Korea has fired several cruise missiles in waters off its east coast, South Korea's military says. In recent months the nuclear-armed communist state has tested missiles repeatedly, raising regional tensions. Sunday's launch took place near the port of Sinpo. Neither the number nor type of missiles is clear yet. On Wednesday North Korea test fired a new strategic cruise missile called Pulhwasal-3-31, South Korea's Yonhap news agency says. Reporting the new launch, which took place at 08:00, South Korea's Joint Chiefs of Staff said "our military has been closely coordinating with the United States to monitor additional signs of North Korea's provocations". (BBC Web Page: 28/01/24, FARUK)

SCHOLZ WARNS AGAINST RISE OF FAR-RIGHT EXTREMISM

German chancellor Olaf Scholz has voiced concerns over the rise of far-right extremism as his country marks Holocaust Memorial Day. He warned of "neo-Nazis and their dark networks" and called on people to fight racism and anti-Semitism. Thousands marched in Dusseldorf on Saturday in the latest in a series of protests against the far right. They follow reports that senior figures of the AfD joined discussions on deporting citizens of foreign origins. Germany is grappling with a debate over whether to ban far-right political parties.

(BBC Web Page: 28/01/24, FARUK)

BIDEN VOWS BORDER SHUT DOWN IF CONGRESS PASSES DEAL

US President Joe Biden has said he backs a bipartisan Senate border deal that gives him powers to shut down the southern border when it becomes overwhelmed. "If given that authority, I would use it the day I sign the bill into law," he said in a statement on Friday. Mr Biden urged lawmakers to pass the deal, calling it the "toughest and fairest" set of reforms seen yet. The border deal faces objections from right and left. Former President Donald Trump has also tried to tank the deal, urging Republican House Speaker Mike Johnson to only accept it if it is perfect on the border. (BBC Web Page: 28/01/24, FARUK)

BURKINA FASO THANKS RUSSIA FOR PRICELESS WHEAT GIFT

Burkina Faso says it has received 25,000 tonnes of free wheat from Russia. Confirming the news on Friday, one minister called the delivery a priceless gift. Ties between Moscow and Ouagadougou have been strengthening since the military took power in two successive coups in 2022. Last month Russia re-opened its embassy in Burkina Faso, which been closed since the collapse of the Soviet Union. Burkina Faso has at the same time been distancing itself from former colonial power France, and last year it ordered its troops to leave. (BBC Web Page: 28/01/24, FARUK)

GUNMEN KILL NINE PAKISTANI NATIONALS IN SOUTHEASTERN IRAN

Gunmen have killed nine Pakistanis in a restive southeastern border area of Iran, Pakistan has said, amid efforts by the two countries to mend ties after recent tit-for-tat attacks. Deeply shocked by horrifying killing of 9 Pakistanis in Saravan. Embassy will extend full support to bereaved families, the Pakistani ambassador to Tehran,

Muhammad Mudassir Tipi, said on the social media platform X on Saturday. "We called upon Iran to extend full cooperation in the matter."

(BBC Web Page: 28/01/24, FARUK)

RALLY ACROSS ISRAEL CALLING FOR NETANYAHU'S RESIGNATION

Israeli police have arrested several protesters in Tel Aviv, who called for the resignation of Prime Minister Benjamin Netanyahu and early elections amid Israel's continued war on Gaza. Hundreds of people were dispersed by force in Kaplan Square, and some protest equipment was seized, according to the Yedioth Ahronoth newspaper. Protesters raised the slogan: "Elections Now" and chanted for the immediate dismissal of Netanyahu, according to the report. Several other areas in Israel witnessed protests with thousands participating, demanding the dismissal of the government and the release of captives in Gaza.

(BBC Web Page: 28/01/24, FARUK)

ONE DEAD IN SHOOTING AT ISTANBUL CATHOLIC CHURCH

One person has been killed in an attack by masked gunmen on a Catholic church in Istanbul. Local media also reported several injuries. The shooting happened at the church of Santa Maria during Sunday morning mass at around 11:40 local time. Turkey's interior minister has condemned the "vile attack" and said an investigation has been launched. Police are still searching for the suspects. The motive for the attacks was not immediately clear. Worshippers were attending the mass when two gunmen, reportedly wearing ski masks, entered the 19th Century church and opened fire. (BBC Web Page: 28/01/24, FARUK)

::THE END::

